Department of Education
Dennis M. Walcott, Chancellor

শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি
P.S.11 Kathryn Phelan (30Q011) অংশ বিশেষের P.S. 171 Peter G. Van Alst (30Q171)-এর সঙ্গেQ171 ভবনে আগামি 2014-2015 শিক্ষাবর্ষের জন্য প্রস্তাবিত সাময়িক পুনর্বাসন ও সহাবস্থান, এবং P.S.11 Kathryn Phelan (30Q011) অংশ বিশেষের30QTBD-এর সঙ্গে নতুন ভবন Q339-এ আগামি 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষের জন্য সাময়িক পুনর্বাসন ও সহাবস্থান
প্রকাশকাল: 6ই ডিসেম্বর, 2013

শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি:
P.S.11 Kathryn Phelan (30Q011) অংশ বিশেষের P.S. 171 Peter G. Van Alst (30Q171)-এর সঙ্গেQ171 ভবনে আগামি 2014-2015 শিক্ষাবর্ষের জন্য প্রস্তাবিত সাময়িক পুনর্বাসন ও সহাবস্থান, এবং P.S.11 Kathryn Phelan (30Q011) অংশ বিশেষের30QTBD-এর সঙ্গে নতুন ভবন Q339-এ আগামি 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষের জন্য সাময়িক পুনর্বাসন ও সহাবস্থান

I. প্রস্তাবের সারাংশ

The New York City Department of Education ("DOE") আগামি 2014-2015 শিক্ষাবর্ষের জন্য P.S. 11 Kathryn Phelan (30Q011, "P.S.11")-এর, যা একটি বিদ্যামান প্রাথমিক বিদ্যালয়, শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির অংশবিশে অথবা বিকল্পরূপে শুধুমাত্র শিশুবিদ্যালয়কে সমুদায় বিদ্যালয় জিলা 30 ("জিলা 30")-এর 14-14 29 তম এভেনিউ, NY 11102-এস্থিত Q171 ("Q171") ভবনে P.S. 171 Peter G. Van Alst (30Q171, "P.S. 171")-এর সঙ্গে, যেটিও একটি বিদ্যমান প্রাথমিক বিদ্যালয়, সাময়িকভাবে পুনর্বাসন ও সহাবস্থানের প্রস্তাব করছে। অধিকন্তু, Q171-এ একটি সমুদায়-কেন্দ্রীক সংগঠন ("CBO"), City Year, [1] ইতিমধ্যেই সহাবস্থানরত রয়েছে। DOE আগামি 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষের জন্য P.S. 11-এর শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির অংশবিশেষকে অথবা বিকল্পরূপে শুধুমাত্র শিশুবিদ্যালয়কে জিলা 30-এর 39-07 57তম সড়ক, কুইন্স, NY 11377-এ স্থিত নতুন ভবন Q339 ("Q339")-এ প্রত্যাশিত নতুন করে তৈরি হতে যাওয়া একটি প্রাথমিক বিদ্যালয়30QTBD ("30QTBD")-এর সঙ্গে, সাময়িক পুনর্বাসন ও সহাবস্থানের প্রস্তাব করছে। "পুনর্বাসন" কথাটির অর্থ হচ্ছে এই শ্রেণিগুলির শিক্ষার্থীরা বিগত বছরগুলিতে যে ভবনের শ্রেণিকক্ষগুলিতে বসত তার থেকে ভিন্ন একটি ভবনের শ্রেণিকক্ষগুলিতে বসবে, এবং "সহাবস্থান" কথাটির অর্থ হচ্ছে, দুই বা ততোধিক বিদ্যালয় সংগঠনগুলির একই ভবনে অবস্থান করা এবং সেই ভবনের প্রেক্ষাগৃহ, শারীরক্রীড়াঙ্গন, গ্রন্থাগার এবং জলপান গৃহের মতো স্থানগুলিকে ভাগাভাগি করে ব্যবহার করা।

P.S. 11 হল একটি মণ্ডলায়িত প্রাথমিক বিদ্যালয় যেটি বর্তমানে জিলা 30-এর 54-25 স্কিলম্যান এভেনিউ, কুইন্স, NY 11377-এ স্থিত মূল ভবন Q011("Q011")-এ, ক্ষুদ্র-ভবন Q810 ("Q810")-এ এবং এর সংলগ্ন পরিবহনযোগ্য শ্রেণিকক্ষগুলিতে শিশুবিদ্যালয় (Q932, "TCUs") থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের[2] শিক্ষাদান করছে।[3] 2013-এর বসন্তকালে, বিদ্যালয় নির্মাণ কর্তৃপক্ষ ("SCA") 2013-2014 শিক্ষাবর্ষের পর পরই P.S. 11-এর ক্ষুদ্র ভবনের অপাসরণ অনুমোদন করেছে, যার ভিত্তি হচ্ছে 856 আসন সম্বলিত স্থায়ী ভবনের নির্মাণ, যার মধ্যে বর্তমান ক্ষুদ্র ভবন অবসারণের জন্য থাকবে 202টি আসন এবং বাকি বিদ্যালয়ের জন্য থাকবে 654টি আসন।[4] এই সংযোজন নির্মাণের জন্য আনুমানিক তিন বছর সময় লাগতে পারে, যে সময়ের মধ্যে P.S. 11-এ অতিরিক্ত শিক্ষার্থীদের জন্য ধারণক্ষমতা গড়ে তুলতে হবে।

অতএব, প্রস্তাবটি অনুমোদিত হলে, নির্মাণকার্য চলাকালীন প্রথম বছরে শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির একাংশের জন্য Q171 ভবনে পুনর্বাসনের বন্দোবস্ত করা হবে। বিকল্পরূপে, 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11-এর শিশুবিদ্যালয়ে ভর্তির সংখ্যা যদি সবাইকে Q171-এর উপভবনে আসন দেওয়ার পক্ষে পর্যাপ্ত হয়, তাহলে P.S. 11-এর পরিচালকবর্গ তাঁদের গোটা শিশুবিদ্যালয়টিকেই Q171-এ স্থানান্তরিত করার সিদ্ধান্ত নিতে পারেন এবং

---

[1] আরো তথ্যের জন্য: http://www.cityyear.org.

[2] এই শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি ("EIS") জুড়ে, Q011 সংক্রান্ত সমস্ত উল্লেখে Q932 অন্তর্ভুক্ত থাকবে, Q810 নয়।

[3] একজন শিক্ষার্থীর জন্য মণ্ডলায়িত বিদ্যালয় কোনটি হবে তা নির্ভর করে তার বসবাসের ঠিকানার উপর। মণ্ডলায়িত প্রাথমিক বিদ্যালয়গুলির মণ্ডলায়ন ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দয়া রে DOE-এর ওয়েবসাইটের বিদ্যালয় অনুসন্ধান সংক্রান্ত পর্বটি http://schools.nyc.gov/schoolsearch-এ দেখুন।

[4] সংযোজন ভবনের ধারণক্ষমতা সংক্রান্ত আনুষ্ঠানিক লক্ষ্যমাত্রা সংক্রান্ত তথ্য এখনও উপলব্ধ নয়। এই নথিটিতে উল্লিখিত বিদ্যালয়ের ধারণক্ষমতা সংক্রান্ত সমস্ত ধরনের উল্লেখের ভিত্তি হচ্ছে Q011-এর তরফে আবশ্যকতার অনুক্রম ("POR") মোতাবেক SCA-এর সংযোজন ভবনের জন্য পরিকল্পিত ধারণক্ষমতা।

প্রথম শ্রেণির সমস্তশিক্ষার্থীদের Q011-এ-ই বসার ব্যবস্থা জারি রাখতে পারেন। Q171 ভবনটি Q011 ভবনটির থেকে আনুমানিক 2.5 মাইল তফাতে অবস্থিত।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, নির্মাণকার্যের পরবর্তী দুটি বছরের জন্য P.S. 11-এর শিশুবিদ্যালয়ের শিক্ষার্থীদের এবং Q171 ভবনের প্রথম শ্রেণির শিক্ষার্থীদের নতুন ভবন Q339-এ পুনর্বাসনের বন্দোবস্ত করা হবে।[5] বিকল্পরূপে, 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতেP.S. 11-এর শিশুবিদ্যালয়ে ভর্তির সংখ্যা যদি সবাইকে Q339-এর উপভবনে আসন দেওয়ার পক্ষে পর্যাপ্ত হয়, তাহলে P.S. 11-এর পরিচালকবর্গ তাঁদের গোটা শিশুবিদ্যালয়টিকেই Q339-এ স্থানান্তরিত করার সিদ্ধান্ত নিতে পারেন এবং প্রথম শ্রেণির সমস্ত শিক্ষার্থীদের Q011-এ-ই বসার ব্যবস্থা জারি রাখতে পারেন। Q339 ভবনটি Q011 ভবনটির থেকে আনুমানিক 0.3 মাইল তফাতে অবস্থিত। Q011-এর সংযোজন ভবনটি নির্মিত হয়ে যাবার পর P.S. 11-এর আর Q171 বা Q339 ভবনে স্থানের প্রয়োজন হবে না।[6]

P.S. 11 একটি মণ্ডলায়িত প্রাথমিক বিদ্যালয় যা শিশুবিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষাদান করে এবং এর Q171 ভবনে প্রাক্-শিশুবিদ্যালয় কার্যক্রমও প্রদান করে। একটি নতুন প্রাথমিক বিদ্যালয় হবে 30QTBD, যেটি Q339 ভবনে শুরু হবে বলে অনুমান করা হচ্ছে এবং পূর্ণরূপে শিশুবিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষাদানের লক্ষ্যে প্রতি বছরে একটি করে নতুন শ্রেণি সংযোজিত হতে থাকবে।

এই প্রস্তাব অনুমোদিত হলে, আগামি 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11-এর কিছু সংখ্যক শিক্ষার্থী P.S. 171-এর সঙ্গে Q171 ভবনে সহাবস্থান করবে। আগামি 2014-2015 শিক্ষাবর্ষে Q171 ভবনে P.S. 11-এর আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদেরশিক্ষাদান করা হবে। আগামি 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে Q339 ভবনে P.S. 11-এর আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদের শিক্ষাদান করা হবে। এই সময়ের মধ্যে P.S. 11 তার শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণি একাংশ শিক্ষার্থীদের এবং দ্বিতীয় থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের Q011-এ পড়ানো জারি রাখবে, বিকল্পরূপে, P.S. 11-এর পরিচালকবর্গ যদি গোটা শিশুবিদ্যালয়কেই Q171 এবং Q339-এ স্থানান্তরিত করে নেওয়ার সিদ্ধান্ত নেন সেক্ষেত্রে, প্রথম শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদেরQ011-এ পড়ানো জারি রাখবে। আগামি 2017-2018 শিক্ষাবর্ষে P.S. 11-এর যে সমস্ত শিক্ষার্থীদের পুনর্বাসিত করা হয়েছিল তাদের মূল ভবন Q011-এ ফিরিয়ে আনা হবে অথবা সেপ্টেম্বর, 2017 তারিখের মধ্যে সম্পূর্ণ হবে বলে নির্ধারিত করা নতুন সংযোজিত Q011 ভবনে স্থায়ীভাবে বসার বন্দোবস্ত করা হবে, যেখানে তত্পরবর্তীকাল থেকে P.S. 11-এর সমস্ত শিক্ষার্থীদের শিক্ষাদান করা হবে। P.S. 11 সংক্রান্ত দীর্ঘমেয়াদী পরিকল্পনার একটি বিস্তারিত রূপরেখা Section III.C-এ পাওয়া যাবে।

এই EIS-এর উদ্দেশ্যে DOE-এর পরিকল্পনা হচ্ছে, P.S. 11-এর 230-270 জন শিশুবিদ্যালয় শিক্ষার্থী এবং/অথবা প্রথম শ্রেণির শিক্ষার্থীরা 2014-2015 শিক্ষাবর্ষে Q171 ভবনে এবং 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষের জন্য Q339 ভবনে বসবে। পুনর্বাসনের সময় Q171-এ এবং Q339-এ কোন কোন শিক্ষার্থীরা বসবে সে বিষয়ে P.S. 11-এর পরিচালকবর্গ সিন্ধান্ত গ্রহণ করবেনএবং সর্বোপরি, তারা গোটা স্থানজুড়ে তাদের শ্রেণিগুলির পুনর্বিন্যাসের সিদ্ধান্তও গ্রহণ করতে পারেন।

DOE-এর লক্ষ্য হচ্ছে যেখানে যেখানে সম্ভব হবে সেখানে অন্যান্য স্থানীয় বিদ্যালয়গুলির অতিরিক্ত স্থানগুলিকে অতিরিক্ত বোঝা লাঘব করার জন্য সদ্ব্যবহার করবে অথবা সাময়িক নির্মাণকার্য চলাকালীন সময়ে সেখানে শিক্ষার্থীদের শিক্ষাদান করা হবে। ভর্তি, ধারণক্ষমতা ও
সদ্ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন 2012-2013 (the "Blue Book") অনুযায়ী Q171-এর 854 জন শিক্ষার্থীদের স্থান দেওয়ার ক্ষমতা আছে। DOE অবধারণ করছে যে, আগামি 2014-2015 শিক্ষাবর্ষে Q171 ভবনটি কম-সদ্ব্যবহৃত হবে। 2013-2014 শিক্ষাবর্ষে এই ভবনটিতে আনুমানিক 581 জন শিক্ষার্থীদের স্থান দেওয়া হয়েছে, যার সদ্ব্যবহার হার হচ্ছে 68%, যা নির্দেশ করে যে ভবনটি "কম-সদ্ব্যবহৃত" এবং এর অতিরিক্ত শিক্ষার্থী ধারণক্ষমতা রয়েছে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11 এবং P.S. 171 মিলে

[5] অনুমান করা হচ্ছে যে, Q339-এ নির্মাণকার্য 2015-2016 শিক্ষাবর্ষের জন্য সময় মতোই সম্পূর্ণ হয়ে যাবে।

[6] 2017-2018 শিক্ষাবর্ষের আগে যদি নির্মাণকার্য সম্পূর্ণ হয়ে যায়, তাহলে P.S. 11-এর শিক্ষার্থীদের পুনারায় তাদের মূল ভবনে এবং স্থায়ী সংযোজিত ভবনে পুনর্বাসিত করা হতে পারে।

Q171 ভবনে মোট 790-890 জন শিক্ষার্থীদের স্থান দেবে, যার ভবন সদ্ব্যবহার হার হচ্ছে 93%-104%। যদিও একটি প্রদত্ত বছরে একটি ভবনের 100%-এর বেশী ভবন সদ্ব্যবহারের হার হয় তাহলে তাকে অধিক ব্যবহৃত বা অধিক ভীড় বলে ধরা হয়, তবে এই সদ্ব্যবহারের হার কক্ষ ব্যবহারের মান হিসাব ব্যবহৃত সাধারণ অনুমানগুলির তুলনায় অধিক কার্যকরী বা বিভিন্ন অনুষ্ঠানে ব্যবহারের জন্য গ্রাহ্য করা হয় না।

অধিকন্তু, এই প্রস্তাব অনুমোদিত হলে, 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে P.S. 11 এবং 30QTBDQ339 ভবনে সহাবস্থানরত অবস্থায় থাকবে। SCA-এর তরফে প্রদত্ত আবশ্যকতার অনুক্রম ("POR") অনুযায়ী, Q339-এর 472 জন শিক্ষার্থীদের স্থান দেওয়ার ক্ষমতা আছে।[7] DOE অনুমান করছে যে, এই সহাবস্থান সংক্রান্ত প্রস্তাবটি অনুমোদিত না হল, 2015-2016 শিক্ষাবর্ষে নতুন বিদ্যালয়টি আনুমানিক 80-90 জন শিশুবিদ্যালয়ের শিক্ষার্থীদের স্থান দিতে পারবে, যার সদ্ব্যবহার হার হবে 17%-19%। এটি নির্দেশ করছে যে, বিদ্যালয় ভবনটি "কম-সদ্ব্যবহৃত" হবে এবং নতুন বিদ্যালয়টি মাত্রায় যত বাড়বে ততই এর শিক্ষার্থী ধারণক্ষমতা বৃদ্ধি পেতে থাকবে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, 2015-2016 শিক্ষাবর্ষে P.S. 11 এবং 30QTBD সম্মিলিতভাবে Q339 ভবনে মোট 310-360 জন শিক্ষার্থীদের স্থান দিতে পারবে, যার ভবন সদ্ব্যবহার হার হবে 66%-76%। 2016-2017 শিক্ষাবর্ষে P.S 11 এবং 30QTBD সম্মিলিতভাবে Q339 ভবনে মোট 390-450 জন শিক্ষার্থীদের স্থান দিতে পারবে, যার ভবন সদ্ব্যবহার হার হবে 83%-95%।

এই প্রস্তাবটি সেপ্টেম্বর, 2017-এP.S. 11-এর সংযোজন ভবনটি সম্পূর্ণ হওয়ার উপর নির্ভরশীল। যেমনি উল্লিখিত আছে, DOE-এর বর্তমান পরিকল্পনা হচ্ছে 2016-2017 শিক্ষাবর্ষের পরে P.S. 11-এর সমস্ত শিক্ষার্থীদের মূল ভবন Q011-এ এবং Q011 ভবন সংলগ্ন নতুন স্থায়ী সংযোজনে স্থান দেওয়া। ওই সময়ের মধ্যে যদি P.S. 11-এর সংযোজন তৈরি না হয়ে ওঠে, সেক্ষেত্রে DOEP.S. 11-এর শিক্ষার্থীদের জন্য নতুনভাবে স্থান পরিকল্পনা নির্দেশ করে একটি পৃথক EIS জারি করবে।

II. ভবনের প্রস্তাবিত বা সম্ভাব্য সদ্ব্যবহার

Q171-এর অভীষ্ট ধারণক্ষমতা হচ্ছে 854 জন শিক্ষার্থী।[8] ("অভীষ্ট ধারণক্ষমতা"-এর ধারণাটি নিচে বর্ণনা করা হল) 2013-2014 শিক্ষাবর্ষে এই ভবনটি আনুমানিক 581 জন শিক্ষার্থীদের শিক্ষাদান করছে,[9] যার অভীষ্ট সদ্ব্যবহার হার হচ্ছে 68%।[10] এর অর্থ হচ্ছে ভবনটি "কম-সদ্ব্যবহৃত" হচ্ছে এবং আরও শিক্ষার্থীদের স্থান দেওয়ার মতো অতিরিক্ত স্থান ভবনটিতে পড়ে আছে।[11] Q339ভবনটির পরিকল্পিত ধারণক্ষমতা হচ্ছে 472 জন

---

[7] Q339 ভবনের নির্মাণকার্য সম্পূর্ণ হলে এই সংখ্যাটি পরিবর্তিত হতে পারে।

[8] ভর্তি, ধারণক্ষমতা ও সদ্ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন 2012-2013 (the "Blue Book") নিচের ঠিকানায় পাওয়া যাবে: http://www.nycsca.org/Community/CapitalPlanManagementReportsData/Enrollment/2012-2013_Classic.pdf.

[9] সমস্ত পরিসংখ্যানগুলি 2013-2014 শিক্ষাবর্ষের অনিরীক্ষিত রেজিস্টার থেকে নেওয়া হয়েছে।

[10] এই নথিতে প্রদত্ত ভবন সদ্ব্যবহার সংক্রান্ত সমস্ত তথ্যাবলী 2013-2014 শিক্ষাবর্ষের নীল বই-এ উল্লিখিত অভীষ্ট ধারণক্ষমতা সংক্রান্ত উপাত্ত এবং 2013-2014 শিক্ষাবর্ষের অনিরীক্ষিত রেজিস্টার-এর উপর নির্ভরশীল। DOE যেভাবে তার পরিকল্পনাগুলি নির্বাহ করে এবং সমস্ত বিদ্যালয়গুলির জন্য স্থান

বরাদ্দকরণ ও অর্থসহায়তার হিসেব করে, এই কার্যপ্রণালীটি তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সহাবস্থানরত বিদ্যালয়গুলির জন্য স্থান বরাদ্দের সিদ্ধান্তের ক্ষেত্রে, স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরের তরফে একটি স্থানভিত্তিক বিশদ সমীক্ষা করা হবে এবং উক্ত ভবনে কতটা পরিমাণ স্থান পাওয়া যেতে পারে সে ব্যাপারে ভবনের স্থান সংক্রান্ত বিশ্লেষণ করা হবে।

[11] সাম্প্রতিকতম কম-সদ্ব্যবহৃত স্থান সংক্রান্ত স্মারকলিপি ও তালিকাটি 20শে নভেম্বর, 2012 তারিখে হালনাগাদ করা হয়েছে, এবং সেটি এখান থেকে অধিগত করা যেতে পারে: http://schools.nyc.gov/NR/rdonlyres/6D8EA76A-82FA-4740-9ED1-66BCABEE8BFB/134525/UnderutilizedSpaceMemorandum112012_vFINALforprint.pdf. সাম্প্রতিকতমটি পাবেন-

সদ্ব্যবহৃত স্থান সংক্রান্ত স্মারকলিপির সংযোজনীটি গত 28শে আগস্ট, 2013 তারিখে হালনাগাদ করা হয়েছে, এবং সেটি এখান থেকে অধিগত করা যেতে পারে: http://schools.nyc.gov/NR/rdonlyres/6D8EA76A-82FA-4740-9ED1-66BCABEE8BFB/149149/UUMemorandumAddendum_August2013vFINAL.pdf..

শিক্ষার্থী।[12] এটি অনুমান করা হচ্ছে যে, এই সহাবস্থান সংক্রান্ত প্রস্তাবটি অনুমোদিত না হলে, 2015-2016 শিক্ষাবর্ষে নতুন বিদ্যালয়টি আনুমানিক ৪০-90 জন শিশুবিদ্যালয়ের শিক্ষার্থীদের স্থান দিতে পারবে, [13]যার সদ্ব্যবহার হার হবে 17%-19%। এর অর্থ হচ্ছে ভবনটি "কম-সদ্ব্যবহৃত" হচ্ছে এবং আরও শিক্ষার্থীদের স্থান দেওয়ার মতো অতিরিক্ত স্থান ভবনটিতে পড়ে আছে।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে এবং P.S. 11-এর শিশুবিদ্যালয় এবং প্রথম শ্রেণির অংশবিশেষকে অথবা বিকল্পরূপে, সম্পূর্ণ শিশুবিদ্যালয়কে সাময়িকভাবে পুনর্বাসিত করা হলে, বিদ্যালয়ের ক্ষুদ্র ভবনটিকে সরিয়ে ফেলার জন্য 2014-2015 শিক্ষাবর্ষের শুরুতে P.S. 11 আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদের ভবন Q171-এ স্থান দেবে। P.S. 11 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদের ভবন Q339-এ স্থান দেবে।

এই প্রস্তাবপত্রে Q171 এবং Q339 ভবনগুলির জন্য বর্তমান ও পরিকল্পিত শ্রেণি বিস্তার নিচের বর্ণনাচিত্রে প্রদর্শিত হল:

Q171-এর শ্রেণি বিস্তার

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2013-2014	2014-2015
30Q171	পি.এস. 171 Peter G. Van Alst	K-5	K-5
30Q011 @ Q171	পি.এস. 011 Kathryn Phelan @ Q171[14]	-	K-1 অথবা K

Q339-এর শ্রেণি বিস্তার

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2013-2014	2014-2015	2015-2016	2016-2017
30QTBD	New School @ Q339	-	-	K	K-1
30Q011 @ Q339	পি.এস. 011 Kathryn Phelan @ Q339[15]	-	-	K-1 অথবা K	K-1 অথবা K

[12] 2015-2016 ও তত্পরবর্তী শিক্ষাবর্ষগুলির জন্য Q339-এর অভীষ্ট ধারণক্ষমতা এবং ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত আনুষ্ঠানিক হিসেব এখনও উপলব্ধ নেই। এই নথিতে উল্লিখিত Q339 ভবনের ধারণক্ষমতা ও ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত সমস্ত তথ্যের ভিত্তি হচ্ছে SCA-এর তরফে প্রদত্ত POR অনুযায়ী Q339 ভবনের পরিকল্পিত ধারণক্ষমতা।

[13] নতুন বিদ্যালয় 30QTBD-এর ভর্তি সংক্রান্ত সমস্ত পরিসংখ্যানগুলির ভিত্তি হচ্ছে তিনটি সাধারণ শিক্ষা বা ICT বিভাগ এবং একটি স্বয়ংসম্পূর্ণ বিভাগে প্রথম বছরে প্রতি শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সংযোজনী পরিকল্পনা।

[14] P.S. 11-এর শিশুবিদ্যালয়ের এবং প্রথম শ্রেণির অংশবিশেষ অথবা P.S. 11-এর গোটা শিশুবিদ্যালয়টি 2014-2015 শিক্ষাবর্ষের জন্য ভবন Q171-এ স্থানান্তরিত হয়ে যাবে বলে প্রত্যাশা করা হচ্ছে। P.S. 11-এর অন্য সমস্ত শিক্ষার্থীরা Q011 ভবনেই থেকে যাবে।

[15] P.S. 11-এর শিশুবিদ্যালয়ের এবং প্রথম শ্রেণির অংশবিশেষ অথবা P.S. 11-এর গোটা শিশুবিদ্যালয়টি 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলির জন্য ভবন Q339-এ স্থানান্তরিত হয়ে যাবে বলে প্রত্যাশা করা হচ্ছে। P.S. 11-এর অন্য সমস্ত শিক্ষার্থীরা Q011 ভবনেই থেকে যাবে।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, Q171-এ স্থিত বিদ্যালয়গুলির 2013-2014 এবং 2014-2015 শিক্ষাবার্ষগুলির জন্য এবং Q339-এ স্থিত বিদ্যালয়গুলির 2013-2014 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলির জন্য বর্তমান ও পরিকল্পিত ভর্তি ও ভবন সদ্ব্যবহারের হারগুলি দাঁড়াবে নিম্নরূপ:

Q171-এর প্রস্তাবিত ভবন সদ্ব্যবহার ও ভর্তি

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2013-2014 ভর্তির সংখ্যা	2014-2015 পরিকল্পিত ভর্তির সংখ্যা
30Q171	পি.এস. 171 Peter G. Van Alst	581	560 - 620
30Q011 @ Q171	পি.এস. 011 Kathryn Phelan @ Q171	-	230 - 270
ভবনের সামগ্রিক ভর্তির সংখ্যা		581	790 - 890
সদ্ব্যবহার[16]		68%	93% - 104%

Q339-এর পরিকল্পিত ভবন সদ্ব্যবহার ও ভর্তি

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2013-2014 ভর্তির সংখ্যা	2014-2015 পরিকল্পিত ভর্তির সংখ্যা	2015-2016 পরিকল্পিত ভর্তির সংখ্যা	2016-2017 পরিকল্পিত ভর্তির সংখ্যা
30QTBD	New School @ Q339	-	-	80 – 90	160 - 180
30Q011 @ Q339	পি.এস. 011 Kathryn Phelan @ Q339	-	-	230 – 270	230 - 270
ভবনের সামগ্রিক ভর্তির সংখ্যা		-	-	310 – 360	390 - 450

[16] এই তালিকায় প্রদর্শিত ভবন সদ্ব্যবহার সংক্রান্ত সমস্ত তথ্যাবলী 2013-2014 শিক্ষাবর্ষের নীল বই-এ উল্লিখিত অভীষ্ট ধারণক্ষমতা সংক্রান্ত উপাত্ত এবং 2013-2014 শিক্ষাবর্ষের অনিরীক্ষিত রেজিস্টার-এর উপর নির্ভরশীল। এর কার্যপ্রণালী DOE-এর পরিকল্পনা নির্বাহ করা এবং সমস্ত বিদ্যালয়গুলির জন্য স্থান ও অর্থ বরাদ্দের হিসেব সংক্রান্ত কার্যপ্রণালীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সহাবস্থানরত বিদ্যালয়গুলির জন্য স্থান বরাদ্দের

সিদ্ধান্তের ক্ষেত্রে, স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরের তরফে একটি স্থানভিত্তিক বিশদ সমীক্ষা করা হবে এবং উক্ত ভবনে কতটা পরিমাণ স্থান পাওয়া যেতে পারে সে ব্যাপারে ভবনের স্থান বিশ্লেষণ করা হবে।

সদ্ব্যবহার[17]	-	-	66% - 76%	83% - 95%

P.S. 11 2014-2015 শিক্ষাবর্ষেQ171-এ আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদের স্থান দেবে এবং P.S. 171 2014-2015 শিক্ষাবর্ষে Q171-এ আনুমানিক 560-620 জন শিক্ষার্থীদের স্থান দেবে বলে পরিকল্পিত, যার ফলে Q171-এর ভবন সদ্ব্যবহারের হার দাঁড়াবে 93%-104%। P.S. 11 2015-2016 শিক্ষাবর্ষে ভবন Q339-এ আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদের স্থান দেবে এবং 30QTBD 2016-2017 শিক্ষাবর্ষে ভবন Q339-এ আনুমানিক 80-90 জন শিক্ষার্থীদের স্থান দেবে বলে পরিকল্পিত, যার ফলে Q339-এর ভবন সদ্ব্যবহারের হার দাঁড়াবে 66%-76%। 2016-2017 শিক্ষাবর্ষে, P.S. 11Q339-এ আনুমানিক 230-270 জন শিক্ষার্থীদের স্থান দেবে এবং 30QTBDQ339-এ আনুমানিক 160-180 জন শিক্ষার্থীদের স্থান দেবে বলে পরিকল্পিত, যার ফলে Q339-এর ভবন সদ্ব্যবহারের হার দাঁড়াবে 83%-95%।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে ভর্তি, ধারণক্ষমতা, সদ্ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন ("Blue Book")-এ, যেটি নিচের ঠিকানা উপলব্ধhttp://www.nycsca.org/Community/CapitalPlanManagementReportsData/Enrollment/2012-2013_Classic.pdf, কোন ভবনের অভীষ্ট সদ্ব্যবহারের হার নির্ণয় করা হয় উক্ত ভবনটিতে স্থিত সমস্ত বিদ্যালয় সংগঠনগুলির মোট ভর্তি সংখ্যাকে উক্ত সংগঠনগুলির মোট "অভীষ্ট ধারণক্ষমতা" দিয়ে ভাগ করে। প্রতিটি বিদ্যালয় সংগঠনের "অভীষ্ট ধারণক্ষমতা" নির্ণয়ের ভিত্তি হচ্ছে বার্ষিক সুযোগ-সুবিধা সমীক্ষা চলাকালীন প্রতিটি কক্ষের নির্ধারিত ব্যবহার সংক্রান্ত বিদ্যালয় অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন, শ্রেণিকক্ষগুলির সর্বাধিক ধারণক্ষমতা সংক্রান্ত DOE-এর লক্ষ্যমাত্রা (যা UFT-এর চুক্তিভিত্তিক শ্রেণিকক্ষের আয়তনের তুলনায় কম এবং শ্রেণি অনুযায়ী ভিন্ন) এবং যে দক্ষতার সঙ্গে শ্রেণিকক্ষগুলি কার্যক্রমবদ্ধ (অর্থাৎ, কোন নির্দিষ্ট শ্রেণিকক্ষের কত ঘন ঘন ক্লাস নির্দিষ্ট করা আছে) তার উপর। অভীষ্ট ধারণক্ষমতা তার নির্ণায়ক অন্তর্নিহিত উপাদানগুলি (শ্রেণিকক্ষগুলির নির্ধারিত ব্যবহার, শ্রেণিকক্ষের ধারণক্ষমতা সংক্রান্ত লক্ষ্যমাত্র ইত্যাদি) অপরিবর্তিত থাকে বলে ধরে নেয়।

ভবনগুলির অভীষ্ট ধারণক্ষমতা সংক্রান্ত গণনার সাম্প্রতিকতম বছর হচ্ছে 2012-2013। উপরে যেমনটি বলা হল, 2013-2014 শিক্ষাবর্ষ ও তত্পরবর্তী সময়ের জন্য DOE-এর পরিকল্পিত সদ্ব্যবহারের হার নির্ণয়ের ভিত্তি হচ্ছে 2012-2013 শিক্ষাবর্ষের অভীষ্ট ধারণক্ষমতা, যা তার নির্ণায়ক অন্তর্নিহিত উপাদানগুলি (শ্রেণিকক্ষগুলির নির্ধারিত ব্যবহার, শ্রেণিকক্ষের ধারণক্ষমতা সংক্রান্ত লক্ষ্যমাত্র ইত্যাদি) অপরিবর্তিত থাকে বলে ধরে নেয়। এইভাবে, 2013-2014 ও তত্পরবর্তী সময়ের জন্য সদ্ব্যবহারের পরিকল্পিত হার ভবনের ব্যবহার সংক্রান্ত একটি আনুমানিক হিসেব প্রদান করে মাত্র কারণ ছাত্র-ছাত্রীদের চাহিদা পূরণের জন্য বিদ্যালয়ের অধ্যক্ষগণ অভীষ্ট ধারণক্ষমতার মূলগত উপাদানগুলির প্রতিটিকে বছরে-বছরে ফের-বদল করতে পারেন। উদাহরণস্বরূপ, উচ্চ বিদ্যালয়ের স্তরে কোন একটি সভাকক্ষকে প্রশাসনিক কক্ষে পরিবর্তিত করা হলে তা গোটা ভবনটির সার্বিক অভীষ্ট ধারণক্ষমতাকে বাড়িয়ে দেয় কারণ, উচ্চ বিদ্যালয়গুলির প্রশাসনিক ভবনগুলিকে ধারণক্ষমতা আরোপ করা হয় না। ভর্তির বিষয়টিকে অপরিবর্তিত রাখলে এই ধরনের পরিবর্তন অপেক্ষাকৃত কম সদ্ব্যবহারের হার প্রদান করে। অনুরূপভাবে, আগে শিশুবিদ্যালয়ের জন্য শ্রেণিকক্ষ হিসেবে ব্যবহার করা হতো এমন একটি কক্ষকে যদি পরবর্তীকালে পঞ্চম শ্রেণির শ্রেণিকক্ষ হিসেবে ব্যবহার করা হয়, তাহলে ভবনটির অভীষ্ট ধারণক্ষমতা বৃদ্ধি পাবে কারণ, এটি প্রত্যাশিত যে, পঞ্চম শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা শিশুবিদ্যালয়ের থেকে অপেক্ষাকৃত বেশি হবে। এর প্রতিফলন আমরা ডিওই-এর শ্রেণিকক্ষের সর্বাধিক ধারণক্ষমতা সংক্রান্ত লক্ষ্যমাত্রা শিশুবিদ্যালয়ের তুলনায় পঞ্চম শ্রেণির ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি রাখার মধ্যে দেখতে পাই। এই উদাহরণটিতেও ভর্তির বিষয়টিকে অপরিবর্তিত

[17] এই তালিকার ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত সমস্ত তথ্যাবলীর ভিত্তি হচ্ছে POR অনুযায়ী SCA-এর তরফে প্রদত্ত Q339 ভবনের পরিকল্পিত ধারণক্ষমতা এবং 30QTBD-এর জন্য পরিকল্পিত বিভাগের হিসেব অনুযায়ী ভর্তি সংক্রান্ত উপাত্ত ও তার সঙ্গে P.S. 11-এর Q339-এ পরিকল্পিত ভর্তির উপাত্তসমূহ। SCA-এর তরফে প্রদত্ত ধারণক্ষমতা সংক্রান্ত প্রাথমিক পরিসংখ্যানগুলি পরিবর্তনসাপেক্ষ। এর কার্যপ্রণালী DOE-এর পরিকল্পনা নির্বাহ করা এবং সমস্ত বিদ্যালয়গুলির জন্য স্থান ও অর্থ বরাদ্দের হিসেব সংক্রান্ত কার্যপ্রণালীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সহাবস্থানরত বিদ্যালয়গুলির জন্য স্থান বরাদ্দের সিদ্ধান্তের ক্ষেত্রে, স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরের তরফে একটি স্থানভিত্তিক বিশদ সমীক্ষা করা হবে এবং উক্ত ভবনে কতটা পরিমাণ স্থান পাওয়া যেতে পারে সে ব্যাপারে ভবনের স্থান বিশ্লেষণ করা হবে।

ধরে নিলে ভবন সদ্ব্যবহারের হার হ্রাস পাবে। যদিও ভবন সদ্বব্যবহারের হার 100% হওয়ার অর্থ হতে পারে কোন একটি নির্দিষ্ট বছরে ভবনটি বেশি-সদ্ব্যবহৃত হওয়া বা অতিরিক্ত ভিড় হওয়া, কিন্তু এই ধরনের হার নির্ণয়ের ক্ষেত্রে এই বিষয়গুলিকে বিবেচনায় রাখা হয় না যে ভবনের কক্ষগুলিকে অনুমিত মাত্রার বাইরেও দক্ষতার সঙ্গে ও ভিন্ন মাত্রায় ব্যবহার করার জন্য কার্যক্রমবদ্ধ করা যেতে পারে, যেমটি উপরি আলোচিত হয়েছে।

SCA 2015-2016 শিক্ষাবর্ষের জন্য Q339 ভবনের অভীষ্ট ধারণক্ষমতা নির্ণয় করেছে। 2015-2016 শিক্ষাবর্ষ ও তত্পরবর্তী সময়ের জন্য DOE-এর পরিকল্পিত সদ্ব্যবহারের হারের ভিত্তি হচ্ছে নতুন ভবনের জন্য SCA-এ দ্বারা পরিকল্পিত ধারণক্ষমতা, যা উক্ত অভীষ্ট ধারণক্ষমতার নির্ণায়ক উপাদানগুলিকে অপরিবর্তিত থাকবে বলে ধরে নেয়। নীল বই 2015-2016 প্রকাশিত না হওয়ার পর্যন্ত ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত আনুষ্ঠানিক তথ্য পাওয়া যাবে না। সেই সময়, নীল বইয়ে এই সদ্ব্যবহারের হার সম্পর্কে বিস্তারিত রূপে ব্যাখ্যা প্রদান করা হবে।

নিশান অনুযায়ী কোন বিদ্যালয়ের জন্য কতগুলি কক্ষ বরাদ্দ করা হবে তার মূল সংখ্যাটি নির্দিষ্ট করে দেয় Section III.B. এবং একই সঙ্গে ভবনটিতে প্রকৃত কক্ষের মোট সংখ্যাটিও নির্দিষ্ট করে দেয়, যাতে করে কোন ভবনে প্রাপ্ত কক্ষের প্রকৃতি ছবিটি পরিষ্কার হয়।

III. প্রভাবিত ছাত্র-ছাত্রী, বিদ্যালয়গুলি এবং শিক্ষার্থীসমূদায়ের উপর এই প্রস্তাবের

A. প্রভাব

P.S. 11-এর বর্তমান ও ভবিষ্যৎ শিক্ষার্থীদের উপর প্রভাব

এই প্রস্তাবের ফলে P.S. 11-এর বর্তমান বা ভবিষ্যৎ শিক্ষার্থীদের শিক্ষাদানের ক্ষেত্রে কোন প্রভাব পড়তে পারে এমনটি প্রত্যাশিত নয়।

যেমনটি উপরে উল্লেখ করা হয়েছে, P.S. 11 একটি মণ্ডলায়িত প্রাথমিক বিদ্যালয় যা বর্তমানে ভবন Q011-এ শিশুবিদ্যালয় থেকে ষষ্ঠ শ্রেণিগুলিকে শিক্ষাদান করছে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, বর্তমানে P.S. 11-এর প্রথম থেকে পঞ্চম শ্রেণিগুলিতে পাঠরত সমস্ত শিক্ষার্থীরা 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11-এর Q011-এ ক্লাস চালিয়ে যেতে পারবে। 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11-এর শিশুবিদ্যালয় এবং প্রথম শ্রেণিতে প্রবেশ করতে চলেছে এমন কিছু সংখ্যক শিক্ষার্থী P.S. 11-এর Q011-এ ক্লাস করবে, অথবা, বিকল্পরূপে, শুধুমাত্র শিশুবিদ্যালয়ে প্রবেশ করতে চলেছে এমন শিক্ষার্থীরাই আগামি 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11-এর Q171-এ ক্লাস করবে। অধিকন্তু, 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে P.S. 11-এর শিশুবিদ্যালয় এবং প্রথম শ্রেণিতে প্রবেশ করতে চলেছে এমন কিছু সংখ্যক শিক্ষার্থী P.S. 11-এর Q339-এ ক্লাস করবে, অথবা, বিকল্পরূপে, শুধুমাত্র শিশুবিদ্যালয়ে প্রবেশ করতে চলেছে এমন শিক্ষার্থীরাই আগামি 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে P.S. 11-এর Q339-এ ক্লাস করবে। এই সমস্ত শিক্ষার্থীরা P.S. 11 প্রশাসনের তত্ত্বাবধানে থাকবে। এর অর্থ হচ্ছে, 2013-2014 শিক্ষাবর্ষে Q011-এ শিশুবিদ্যালয় পাঠরত কিছু শিক্ষার্থী 2014-2015 শিক্ষাবর্ষে তাদের প্রথম শ্রেণির ক্লাসগুলি P.S. 11-এর Q171-এ করতে পারে। অধিকন্তু, 2014-2015 শিক্ষাবর্ষে P.S. 11-এর শিশুবিদ্যালয় প্রবেশ করতে চলেছে এমন কিছুসংখ্যক বা সমস্ত শিক্ষার্থীরাই Q171-এ ক্লাস করবে এবং 2015-2016 শিক্ষাবর্ষে তাদের প্রথম শ্রেণির ক্লাসগুলি Q339-এ করতে পারে। P.S. 11-এর পরিচালকবর্গ নির্ধারণ করবেন তাদের শিক্ষার্থীদের কোন অংশ পুনর্বাসনের চলাকালীন সময়ে Q171 এবং Q339-এ ক্লাস করবে।

P.S. 11 বর্তমানে সমন্বিত সহ-শিক্ষা ("ICT") এবং স্বয়ংসম্পূর্ণ ("SC") বিশেষ শিক্ষা ক্লাস এবং বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা ("SETSS") প্রদান করছে। এখানে ইংরেজি ভাষাশিক্ষার্থী ("ESL")-দের জন্য দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ("ELL") কার্যক্রমও রয়েছে। P.S. 11 তার বর্তমান ICT, SC এবং SETSS ক্লাসগুলি চালিয়ে যাবে এবং অক্ষমতাযুক্ত শিক্ষার্থীরা তাদের জন্য বিশিষ্ট শিক্ষা কার্যক্রম ("IEPs") অনুসারে বাধ্যতামূলকভাবে প্রদেয় পরিষেবাগুলি পেতে থাকবে, তারা কোন ভবনে ক্লাস করছে তা ব্যতিরেকেই।

P.S. 11-এ পাঠরত অক্ষমতাযুক্ত শিক্ষার্থীদের ব্যক্তিগত প্রয়োজনের কথা মাথায় রেখেই এই ধরনের পরিষেবাগুলি তৈরি করা হয়েছে, এবং, সেই মতো, বছরে বছরে এগুলি পরিবর্তিত হয়। P.S. 11-এ বর্তমানে ও ভবিষ্যতে পাঠরত ELL শিক্ষার্থীরা, সমস্ত ভবনগুলিতেই DOE-এর নীতি অনুসারেই ESL পরিষেবা পাবে।

P.S. 11 বর্তমানে নিম্নোক্ত পাঠক্রম-বহির্ভুত কার্যকলাপ ও অংশীদারিত্বসমূহ প্রদান করে থাকে:[18]

পাঠক্রম-বহির্ভুত কার্যকলাপ: বিদ্যালয়উত্তর ELS কার্যক্রম; ঐতিহ্যবাহী কার্যক্রম
অংশীদারিত্ব: বিদ্যালয়-বহিস্থ বিদ্যালয়উত্তর কার্যক্রম

এই প্রস্তাবের ফলে P.S. 11-এর অংশিদারিত্বে কোন প্রভাব পড়বে বলে DOE মনে করে না। অনুরূপভাবে, শিক্ষার্থীদের আগ্রহ, সংস্থানসমূহের উপলভ্যতা এবং কর্মী আনুকূল্যতার উপর ভিত্তি করে P.S. 11 তার পাঠক্রম-বহির্ভুত কার্যক্রমগুলিও চালিয়ে যাবে। P.S. 11-এর শিক্ষার্থীদের প্রস্তাবিত পুনর্বাসনের ফলে এই সমস্ত সুযোগ-সুবিধাগুলি কোনভাবে প্রভাবিত হবে না। ছাত্র-ছাত্রীরা পাঠক্রম বহির্ভুত অতিরিক্ত নানাবিধ কার্যকলাপে অংশগ্রহণের সুযোগ আগের মতোই পেতে থাকবে, যদিও একটি নির্দিষ্ট বিদ্যালয়ের জন্য প্রদত্ত নির্দিষ্ট কার্যক্রমের কিছু ফের-বদল সবসময়েই হতে পারে। এই বিষয়টি শহরের যে কোন শিক্ষার্থীর জন্য সত্যি, কারণ প্রতিটি বিদ্যালয়ই তাদের পাঠক্রম-বহির্ভুত কার্যক্রমগুলিকে শিক্ষার্থীদের দাবি ও প্রাপ্ত সংস্থান অনুসারে বছরে একবার করে পরিবর্তন করে।

যেহেতু Q171 ভবনটি Q011-এর থেকে আনুমানিক 2.5 মাইল তফাতে অবস্থিত এবং Q339ভবনটি Q011-এর থেকে আনুমানিক 0.3 মাইল তফাতে অবস্থিত, তাই এই প্রস্তাবের ফলে বিদ্যালয় দিবসগুলিতে শিক্ষার্থীদের এক ভবন থেকে অন্য ভবনে যাওয়া-আসা করার দরকার হবে না। নিয়মিত বিদ্যালয় দিবস চলাকালীন পুনর্বাসিত P.S. 11-এর শিক্ষার্থীরা তাদের 2014-2015 শিক্ষাবর্ষের জন্য শুধুমাত্র Q171 বিদ্যালয় ভবনেই বসবে এবং পরবর্তী পর পর দুটি বছরের জন্য শুধুমাত্র Q339 বিদ্যালয় ভবনেই বসবে। P.S. 11-এর যে সমস্ত শিক্ষার্থীদের Q171 এবং Q339-এ পুনর্বাসনের প্রস্তাব করা হয়েছে তারা P.S. 11 প্রশাসনের তত্ত্বাবধানেই থাকবে। পরিবহন সংক্রান্ত বিস্তারিত আলোচনার জন্য Section VI.C. দেখুন।

P.S. 171-এর বর্তমান ও ভবিষ্যৎ শিক্ষার্থীদের উপর প্রভাব

P.S. 11-এর এই প্রস্তাবিত সাময়িক পুনর্বাসন P.S. 171-এর বর্তমান বা ভবিষ্যতের ভর্তি প্রক্রিয়াকে বা শিক্ষাদানের কার্যক্রমগুলিকে প্রভাবিত করবে এমনটি প্রত্যাশিত নয়।

P.S. 11 বর্তমানে ICT এবং SC বিশেষ শিক্ষা ক্লাস এবং SETSS প্রদান করে। ELL শিক্ষার্থীদের জন্য এর ESL কার্যক্রমও আছে। বর্তমান ICT, SC এবং SETSS ক্লাসগুলি যথারীতি চালিয়ে যাওয়া হবে এবং অক্ষমতাযুক্ত শিক্ষার্থীরা তাদের জন্য বিশিষ্ট শিক্ষা কার্যক্রম IEPs অনুসারে বাধ্যতামূলকভাবে প্রদেয় পরিষেবাগুলি পেতে থাকবে। P.S. 171-এ পাঠরত শিক্ষার্থীরা যারা ELL পরিষেবাগুলি পেয়ে আসছে তারা এই পরিষেবাগুলি যথারীতি পেয়ে যাবে।

P.S. 171 বর্তমানে নিম্নোক্ত বিশেষ কার্যক্রম, উদ্যোগ, পাঠক্রম-বহির্ভুত কার্যকলাপ এবং অংশিদারিত্বসমূহ প্রস্তাব করে:[19]

বিশেষ কার্যক্রমঃ Magnet School of the Arts-এর বিদ্যালয়উত্তর ও শনিবারের কার্যক্রমগুলি।
পাঠক্রম-বহির্ভুত কার্যকলাপ: বিদ্যালয়উত্তর ESL ক্লাস; নির্দেশিত পাঠের কার্যক্রম
অংশীদারিত্ব: মণ্ডল 126; City Year

এই প্রস্তাবের ফলে P.S. 171-এর অংশিদারিত্বে কোন প্রভাব পড়বে বলে DOE মনে করে না। অনুরূপভাবে,

[18] 26শে নভেম্বর, 2013 পর্যন্ত বিদ্যালয় দ্বারা পরিবেশিত উপাত্তসমূহ। P.S. 11 সম্পর্কে আরও তথ্যের জন্য: http://ps11q.org
[19] 27শে নভেম্বর, 2013 পর্যন্ত বিদ্যালয় দ্বারা পরিবেশিত উপাত্তসমূহ।

শিক্ষার্থীদের আগ্রহ, সংস্থানসমূহের উপলভ্যতা এবং কর্মী আনুকূল্যতার উপর ভিত্তি করে P.S. 171 তার পাঠক্রম-বহির্ভূত কার্যক্রমগুলিও চালিয়ে যাবে। যদিও, এই সাময়িক সহবস্থানের কারণে উক্ত কার্যক্রমগুলির বিন্যাসের ধরনে পরিবর্তন আসতে পারে। উদাহরণস্বরূপ, কিছু কিছু ক্রিয়াকলাপের জন্য শ্রেণিকক্ষ ভাগাভাগি করে ব্যবহার করা হতে পারে অথবা চাহিদা বৃদ্ধির কারণে বিদ্যালয় চলাকালীন বা তার পরবর্তী সময়ে প্রাপ্য স্থানের নিরীখে এই কার্যকলাপগুলির সময়সূচির পরিবর্তন হতে পারে। ছাত্র-ছাত্রীরা পাঠক্রম বহির্ভুত অতিরিক্ত নানাবিধ কার্যকলাপে অংশগ্রহণের সুযোগ আগের মতোই পেতে থাকবে, যদিও একটি নির্দিষ্ট বিদ্যালয়ের জন্য প্রদত্ত নির্দিষ্ট কার্যক্রমের কিছু ফের-বদল সবসময়েই হতে পারে। শহরের যেকোন ছাত্রছাত্রীর জন্য যথার্থ যে সমস্ত স্কুলগুলি ছাত্রছাত্রীদের চাহিদা এবং উপলব্ধ পরিসম্পদের উপর নির্ভর করে পাঠ্যসূচী বহির্ভূত কার্যক্রম বার্ষিক পরিবর্তন করে।

জিলা 30-এর ভবিষ্যৎ প্রাথমিক শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত প্রভাব

P.S. 11-এর অংশবিশেষকে সাময়িকভাবে Q171-এ পুনর্বাসিত করার প্রস্তাবের ফলে P.S. 11 বা P.S. 171 বিদ্যালয়গুলির ভর্তির প্রক্রিয়ায় কোন প্রভাব পড়বে না বা 30QTBD বিদ্যালয়টি চালু হওয়ার পর তার ভর্তির প্রক্রিয়াতেও কোন প্রভাব পড়বে না। P.S. 11 এবং P.S. 171 উভয়েই তাদের জিলা-মধ্যস্থ শিক্ষার্থীদের ভর্তির ব্যাপারে অগ্রাধিকার দিয়ে যাবে, যেমনটি অতীতে দেওয়া হতো এবং যা আচার্যের নিয়মাবলী A-101-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ। A-101 সম্পর্কে সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে এখানে:
http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm.

মণ্ডলায়িত বিদ্যালয়গুলি তাদের মণ্ডলের সমস্ত শিক্ষার্থীদের ভর্তি নিতে, স্থান দিতে এক প্রকার বাধ্য, পরিবারগুলি কখন নিবন্ধীভুক্ত হতে চাইবে সেই প্রশ্ন ব্যতিরেকেই। আবেদনকারীদের নিম্নোক্ত অগ্রাধিকারের ভিত্তিতে মণ্ডলায়িত বিদ্যালয়গুলিতে ভর্তি নিতে হবে:

a. মণ্ডলায়িত শিক্ষার্থীরা যাদের প্রত্যয়িত সহোদরেরা আবেদন দাখিল করার সময় পূর্ব-নিবন্ধীত বা পাঠরত অবস্থায় থাকবে এবং উক্ত বিদ্যালয়ে সেপ্টেম্বর মাস থেকে শুরু হতে যাওয়া পরবর্তী শিক্ষাবর্ষে K-5 শ্রেণিগুলিতে ভর্তি হবে;

b. মণ্ডলায়িত বিদ্যালয়ে আবেদনকারী উপরে উল্লিখিত (a) ব্যতীত অন্যান্য মণ্ডলায়িত শিক্ষার্থীরা।

যদি স্থান থাকে, এবং যদি নথিভূক্তিকরনের অফিস মনে করে যে জেলার প্রয়োজন অনুসারে যা যথাযথ, তাহলে নিম্নে বর্ণিত ক্রমানুসারে তাদের অফার করার জন্য, নিম্নলিখিত অগ্রাধিকার দলের জন্য অনুমোদিত হতে পারে। কেবলমাত্র শিক্ষার্থী ভর্তি দপ্তর এই অগ্রাধিকারের ক্রমের বাইরে মণ্ডল-বহির্ভুত শিক্ষার্থীদের ভর্তির জন্য অনুমতি দিতে পারে; উদাহরণস্বরূপ, সেই সমস্ত শিক্ষার্থী যাদেরকে তাদের জন্য মণ্ডলায়িত বিদ্যালয়গুলিতে অথবা দ্বৈত ভাষা বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার আক্রান্ত শিক্ষার্থীদের জন্য অন্তর্ভুক্তি ক্লাসগুলির মতো বিশেষ কার্যক্রমগুলিতে স্থান দেওয়া সম্ভব হয়নি।

c. শিক্ষার্থীরা যাদের প্রত্যয়িত সহোদরেরা আবেদন দাখিল করার সময় পূর্ব-নিবন্ধীত বা পাঠরত অবস্থায় থাকবে এবং উক্ত বিদ্যালয়ে সেপ্টেম্বর মাস থেকে শুরু হতে যাওয়া পরবর্তী শিক্ষাবর্ষে K-5 শ্রেণিগুলিতে ভর্তি হবে, যারা ওই বিদ্যালয়ের জন্য মণ্ডলায়িত না হলেও ওই জিলারই বাসিন্দা;

d. শিক্ষার্থীরা যাদের প্রত্যয়িত সহোদরেরা আবেদন দাখিল করার সময় পূর্ব-নিবন্ধীত বা পাঠরত অবস্থায় থাকবে এবং উক্ত বিদ্যালয়ে সেপ্টেম্বর মাস থেকে শুরু হতে যাওয়া পরবর্তী শিক্ষাবর্ষে K-5 শ্রেণিগুলিতে ভর্তি হবে, যারা অন্য জিলার বাসিন্দা;

e. এই বিদ্যালয়ের মণ্ডল বহির্ভুত কিন্তু এই জিলারই বাসিন্দা সেই সমস্ত শিক্ষার্থীরা যারা বর্তমানে এই বিদ্যালয়ের প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলিতে পাঠরত, যাদের পরবর্তী শিক্ষাবর্ষে এই বিদ্যালয়ের K-5 শ্রেণিগুলিতে পাঠরত কোন সহোদর থাকবে না;

f. এই বিদ্যালয়ের মণ্ডল ও জিলা বহির্ভুত সেই সমস্ত শিক্ষার্থীরা যারা বর্তমানে এই বিদ্যালয়ের প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলিতে পাঠরত, যাদের পরবর্তী শিক্ষাবর্ষে এই বিদ্যালয়ের K-5 শ্রেণিগুলিতে পাঠরত কোন সহোদর থাকবে না;

g. উপরের (c) এবং (e) ব্যতীত অন্যান্য শিক্ষার্থীরা যারা ওই জিলারই বাসিন্দা; এবং

h. উপরের (d) এবং (f) ব্যতীত অন্যান্য শিক্ষার্থীরা যারা অন্য জিলার বাসিন্দা।

প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রী যাদের IEP রয়েছে, যারা 75 জেলার স্কুলের জন্য স্থান পেয়েছেন তাদের ব্যতীত, তারা একজন সাধারন ছাত্রছাত্রী যেভাবে ভর্তি হন,[20] ঠিক সেইভাবেই ভর্তি হবে। শারীরিক অক্ষমতাযুক্ত ছাত্র-ছাত্রীরা যাতে তাদের আইইপি অনুসারে বাধ্যতামূলক পরিষেবাগুলি পায় তা বিদ্যালয়গুলিকে সুনিশ্চিত করতে হবে, সাথে সাথে এও নিশ্চিত করতে হবে যে এই ধরনের ছাত্র-ছাত্রীরা যেন যতদূর সম্ভব তাদের শারীরিকভাবে সক্ষম সহপাঠীদের সঙ্গে একসঙ্গে শিক্ষালাভের সুযোগ পায়।

DOE নীতি অনুযায়ী, ELL ছাত্রছাত্রীরাও প্রাথমিক স্কুলে ভর্তি হবে একই ভাবে যেভাবে তাদের সহপাঠীরা ভর্তি হয় যারা ELL ছাত্রছাত্রী নয়। ELL পরিষেবাসমূহের প্রয়োজন আছে এমন সমস্ত শিক্ষার্থীরা P.S. 11 এবং P.S. 171-এ যথারীতিভাবে তাদের জন্য উপযুক্ত পরিষেবাগুলি পেয়ে যেতে থাকবে।

প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলির উপর প্রভাব

এই প্রস্তাবের দরুন P.S. 171-এর প্রাক-শিশুবিদ্যালয়ের কার্যক্রমগুলিতে কোনরূপ প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়। প্রাক-শিশুবিদ্যালয়ে প্রবেশমান শিক্ষার্থীরা কেন্দ্রীকৃত প্রাক-শিশুবিদ্যালয় ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলির জন্য আবেদন করতে পারে। সেই সমস্ত শিক্ষার্থীদের প্রত্যয়িত সহোদরেরা যারা আবেদন দাখিল করার সময় পূর্ব-নিবন্ধীত বা পাঠরত অবস্থায় থাকবে এবং P.S. 171-এ শুরু হতে যাওয়া পরবর্তী শিক্ষাবর্ষে শিশুবিদ্যাল থেকে পঞ্চম শ্রেণিগুলিতে ভর্তি হবে, তাদের P.S. 171-এর প্রাক-শিশুবিদ্যালয়ের কার্যক্রমগুলিতে ভর্তির জন্য প্রথম অগ্রাধিকার দেওয়া হবে। যে সমস্ত শিক্ষার্থীরা P.S. 171 মণ্ডলে বসবাস করে এবং যাদের কোন সহোদর P.S. 171-এ পাঠরত নয়, তাদের ভর্তির জন্য দ্বিতীয় অগ্রাধিকার দেওয়া হবে। যেমনটি সমস্ত প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলির ক্ষেত্রে প্রযোজ্য, P.S. 171-এ প্রাক-শিশুবিদ্যালয়ের প্রাপ্যতা অব্যাহত আর্থিক সহায়তা ও কার্যক্রমগুলির চাহিদার উপর নির্ভরশীল।

CBO-এর উপর প্রভাব

ভবন Q171-এ বর্তমানে City Year-কে স্থান দেওয়া হয়েছে। এই প্রস্তাবের কারণে এই সংগঠনটিকে কোনভাবে কোন স্থান হারাতে হবে বা কোন পরিষেবা হ্রাস করতে হবে এমনটি প্রত্যাশিত নয়। শিক্ষার্থীদের উত্সাহ ও চাহিদার উপর ভিত্তি করে তারা Q171 ভবনেই তাদের কাজ চালিয়ে যাবে।

B. বিদ্যালয়গুলি

যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, পি.এস. এই প্রস্তাবটি অনুমোদিত হলে, P.S. 11তার শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির অংশবিশেষকে 2014-2015 শিক্ষাবর্ষের জন্য Q171 ভবনে স্থান দেবে, অথবা, বিকল্পরূপে, শুধুমাত্র শিশুবিদ্যালয়কেই 2014-2015 শিক্ষাবর্ষের জন্য Q171 ভবনে স্থান দেবে। অধিকন্তু, এই প্রস্তাবটি অনুমোদিত হলে, P.S. 11 তার শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির অংশবিশেষকে অথবা, বিকল্পরূপে, শুধুমাত্র শিশুবিদ্যালয়কেই 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলির জন্য Q339 ভবনে স্থান দেবে।

[20] জিলা 75 শহরব্যাপী অটিজম স্পেকট্রাম, উল্লেখযোগ্য সংজ্ঞাত্মক বিলম্ব, তীব্র ভাবাবেগজনিত প্রতিবন্ধকতা, ইন্দ্রিয় বিকলাঙ্গতা এবং/অথবা বহুমুখী বিকলাঙ্গতার শিকার শিশুদের শিক্ষামূলক, বৃত্তিমূলক এবং আচরণগত সহায়তা কার্যক্রম প্রদান করে। জিলা 75 এই ধরনের ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিন্যাসে পরিষেবা দিয়ে থাকে, যার মধ্যে রয়েছে প্রাথমিক, পূর্ব-মাধ্যমিক এবং উচ্চ বিদ্যালয়গুলি, ছাত্র-ছাত্রীদের আশ্রয়-নিবাস, হাতপাতাল এবং বিভিন্ন প্রতিষ্ঠানগুলি। নিউ ইয়র্কের ব্রঙ্কস, ব্রুকলিন, ম্যানহাটান, কুইনস, স্ট্যাটেন আইল্যান্ড এবং সিওসেটের 410টিরও বেশি স্থানে এই কার্যক্রমগুলি বিস্তৃত। জিলা 75-এর কার্যক্রমগুলি সম্পর্কে আরও বিশদে জানতে অনুগ্রহ করে ডিওই-এর এই ওয়েবসাইটটি দেখুন http://schools.nyc.gov/Offices/District75/default.htm।

আগামি তিনবছর সময়কালে Q171 এবং Q339 ভবন দুটির বিদ্যমান ও প্রস্তাবিত বিদ্যালয় সংগঠনগুলির পরিকল্পিত ভর্তির সংখ্যাগুলি নিচে Section II-এ দেওয়া হল।

এই সহাবস্থানের প্রস্তাবটি অনুমোদিত হলে, 2014-2015 শিক্ষাবর্ষে Q171 ভবনটি তার ধারণক্ষমতার 100%-এর উপরে থেকে কাজ করবে। P.S. 171 এবং P.S. 11 বিদ্যালয় দুটিই কেবলমাত্র 2014-2015 শিক্ষাবর্ষে নিজেদের নিশান-এর নিচে থেকে কাজ করবে। P.S. 11-কে যখন P.S. 171-এর সঙ্গে সাময়িক সহাবস্থানে রাখা হবে তখন দুটি বিদ্যালয়ই গোটা সময়কাল জুড়েই তাদের শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী ভবনটিতে প্রাপ্ত সংস্থানসমূহের পূর্ণ-সদ্ব্যবহার করতে পারবে। P.S. 171 এবং P.S. 11-এর পরিচালকবর্গ তাদের সহাবস্থান কাল চলাকালীন প্রাপ্ত সংস্থানগুলিকে ভাগাভাগি করে ব্যবহার করার ব্যাপারে সম্মতি প্রদান করেছেন। উদাহরণস্বরূপ, বিদ্যালয় দুটি একটি ভাগ করে নেওয়া স্থানকে একগুচ্ছ শ্রেণিকক্ষে পরিণত করে নিতে পারে বা প্রশাসনিক স্থানকে ভাগ করে নিতে পারে। নিশান অধিগত করার জন্য দয়া করে DOE-এর ওয়েবসাইটে যান, যেখানে শহুরে বিদ্যালয়গুলির জন্য স্থান বরাদ্দ ও তার ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা দেওয়া আছে:
http://schools.nyc.gov/NR/rdonlyres/78D715EA-EC50-4AD1-82D1-1CAC544F5D30/0/DOEFOOTPRINTSConsolidatedVersion2011_FINAL.pdf.

বিদ্যালয়গুলি কোন শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করে এবং প্রতিটি শ্রেণিতে ক্লাসের সংখ্যা কত তার ভিত্তিতে বিদ্যালয়গুলিতে শ্রেণিকক্ষ বরাদ্দের ভিত্তি সংখ্যা নির্দিষ্ট করে দেয় এই নিশান। বিদ্যমান বিদ্যালয়গুলির জন্য বিদ্যালগুলির প্রতিটি শ্রেণির বিভাগর উপর এই নিশান প্রযোজ্য, যেখানে শ্রেণিকক্ষের আয়তনকে ধ্রুবক ধরে নেওয়া হয়েছে। বোরোর স্থান পরিকল্পনা নির্দেশক এর পর ভবন পরিদর্শনের মাধ্যমে মূল ও বর্তমান মোট স্থান বরাদ্দের বিষয়টি নিশ্চিত করবেন, যে পরিদর্শনের সময় তাঁর সঙ্গে বিদ্যালয়ের প্রতিনিধিবর্গও উপস্থিত থাকবেন।

শিশুবিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়ায় এমন বিদ্যালয়গুলির জন্য (এবং সমস্ত প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলির জন্যও), নিশান ক্লাসগুলিকে স্বয়ংসম্পূর্ণ হিসেবে ধরে নেয়। অতএব, নিশান বিদ্যালয়গুলিকে প্রতিটি সাধারণ শিক্ষা ও ICT-এর জন্য একটি করে পূর্ণ-আয়তনের শ্রেণিকক্ষ বরাদ্দ করে এবং প্রতিটি SC বিশেষ শিক্ষার জন্য জন্য একটি করে পূর্ণ-আয়তনের বা অর্ধ-আয়তনের শ্রেণিকক্ষ বরাদ্দ করে। এই কক্ষগুলির সঙ্গে, শিশুবিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণিগুলি পর্যন্ত পড়ায় এমন বিদ্যালয়গুলি তাদের পাঠরত শিক্ষার্থীদের সংখ্যার আনুপাতিক হারে গুচ্ছ বা বিশিষ্ট শ্রেণিকক্ষ পেয়ে থাকে। এই কক্ষগুলি শিল্পকলা এবং/অথবা সঙ্গীতশিক্ষা ও এই ধরনের অন্যান্য বিষয়গুলির জন্য অধ্যক্ষের বিবেচনা অনুযায়ী ব্যবহার করা যেতে পারে।

21শে অক্টোবর, 2013 তারিখে কুইন্স-এর স্থান পরিকল্পনা নির্দেশকের করা ভবন পরিদর্শন অনুযায়ী, Q171-এর মোট 39টি পূর্ণ-আয়তনের কক্ষ, 5টি অর্ধ-আয়তনের কক্ষ এবং 4.5 পূর্ণ-আয়তন সমতুল্য ("FSE") মনোনীত প্রশাসনিক স্থান রয়েছে। এই ভবনে আরও যে সমস্ত কক্ষগুলি রয়েছে, সেগুলি হল: একটি শারীরক্রীড়াঙ্গন, একটি জলপান গৃহ, একটি প্রেক্ষাগৃহ এবং একটি গ্রন্থাগার। সেবিকার কার্যালয়টি মনোনীত প্রশাসনিক স্থানের 1.0 FSE-তে অবস্থিত; তত্ত্বাবধায়ক 1টি এক-চতুর্থাংশ আয়তনের কক্ষ দখল করে আছেন; বিদ্যালয়ভিত্তিক সহায়তা পরিষেবা দপ্তরগুলি মনোনীত প্রশাসনিক স্থানের 1.0 FSE পরিমাণ দখল করে আছে; এবং City Year একটি পূর্ণ-আয়তনের কক্ষ দখল করে আছে।

উপরে উল্লিখিত ভাগাভাগি করে ব্যবহার করা স্থানগুলি ছাড়া, Q171-এর মোট 38টি পূর্ণ-আয়তনের কক্ষ, 5টি অর্ধ-আয়তনের কক্ষ, 2টি এক-চতুর্থাংশ আয়তনের কক্ষ এবং 2.5টি FSE আয়তনের মনোনীত প্রশাসনিক স্থান অবশিষ্ট রয়েছে যেগুলিকে নিশান অনুযায়ী Q171-এ সহাবস্থানকারী বিদ্যালয়গুলিকে P.S. 171-এর সঙ্গে প্রস্তাবিত সহাবস্থান কাল চলাকালীন সময়ের জন্য বরাদ্দ করা যেতে পারে।

নিশান অনুসারে, P.S. 171-এর জন্য মূলগতভাবে 27টি পূর্ণ-আয়তনের শ্রেণিকক্ষ পড়ানোর জন্য, 5টি অর্ধ-আয়তনের কক্ষ পড়ানোর জন্য এবং 4.0 FSE পরিমাণ প্রশাসনিক স্থান বরাদ্দ করা হবে। অর্ধ-আয়তনের কক্ষের সংখ্যা অপর্যাপ্ত হওয়ার কারণে এবং ভবনে প্রশাসনিক সেবাসমূহের জন্য, P.S. 171-এর নিশান-এ ফের-বদল করে 28টি পূর্ণ-আয়তনের কক্ষ, 5টি অর্ধ-আয়তনের কক্ষ এবং 3.5টি FSE পরিমাণ প্রশাসনিক স্থান করা হয়েছিল। সাময়িক সহাবস্থান কাল চলাকালীন P.S. 171-এর নিশান নিচে তালিকা আকারে দেওয়া হল।

নিশান অনুসারে, এই প্রস্তাবের প্রথম বছর, 2014-2015-এ, P.S. 11-কে Q171 ভবনে মূলগত স্থান হিসেবে 13টি পূর্ণ-আয়তনের কক্ষ এবং 2.5 FSE পরিমাণ প্রশাসনিক স্থান বরাদ্দ করা হবে। ভবনটিতে পূর্ণ-আয়তনের কক্ষের সংখ্যা অপর্যাপ্ত হওয়ার কারণে, P.S. 11-এর নিশান-এ ফের-বদল করে 10টি পূর্ণ-আয়তনের কক্ষ এবং 0.5 FSE পরিমাণ প্রশাসনিক স্থান করা হয়েছিল। সাময়িক সহাবস্থান কাল চলাকালীন P.S. 11-এর নিশান নিচে তালিকা আকারে দেওয়া হল।

পূর্ণ-আয়তনের শ্রেণিকক্ষের মূলগত বা ফের-বদলকৃত মূলগত বরাদ্দের এক বছরের বিস্তারিত তথ্য নিচের তালিকায় দেওয়া হল:

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2013-2014 (বর্তমান)	2014-2015
30Q011	পি.এস. 11@Q171	--	10
30Q171	পি.এস. 171	28	28
	মোট	28	38
	পূর্ণ-আয়তনের শিক্ষাদান কক্ষের মূলগত বা ফের-বদলকৃত মূলগত বরাদ্দের অতিরিক্ত (অথবা কম) কক্ষগুলি	10	0

প্রতিটি বিদ্যালয় নিশান অনুসারে মূলগত বা ফের-বদলকৃত মূলগত বরাদ্দের পরিমাণ কক্ষ পেয়ে যাওয়ার পর, এই ভবনে কোন পূর্ণ-আয়তনের কক্ষ অবশিষ্ট থাকবে না, যার বিস্তারিত তথ্য নিচের তালিকায় দেওয়া হল। উপরে যেমনটি উল্লেখ করা হয়েছে, যখন ভবনটিতে অতিরিক্ত ভিড় হয়ে যাবে, তখন P.S. 171 এবং P.S. 11 তাদের সাময়িক সহাবস্থান কালের এক বছর ধরে তাদের শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য ভবনের সংস্থানগুলিকে ব্যবহার করতে পারবে। ভবনে অতিরিক্ত ভিড় এড়াবার জন্য ভবনে স্থিত বিদ্যালয়গুলি প্রমাণ অনুমানের থেকে ভিন্নতর পদ্ধতিতে কাজ করতে পারে।

আবশ্যকতার অনুক্রম ("POR") অনুসারে, Q339-এর 27টি পূর্ণ-আয়তনের কক্ষ, 2টি অর্ধ-আয়তনের কক্ষ এবং 4.5 টি পূর্ণ-আয়তন সমতুল্য ("FSE") পরিমাণ মনোনীত প্রশাসনিক/দাপ্তিরক স্থান রয়েছে। এছাড়াও ভবনটিতে চিকিত্সাকর্মীদের জন্য 1.0 FSE পরিমাণ মনোনীত প্রশাসনিক স্থান রয়েছে, এবং বিদ্যালয়ভিত্তিক সহায়তা পরিষেবা দলের জন্য 1.0 FSE পরিমাণ প্রশাসনিক স্থান এবং তত্ত্বাবধায়কের জন্য 1টি অর্ধ-আয়তনের কক্ষও রয়েছে। তদুপরি, Q339-এর কিছু ভাগ করে নেওয়া স্থানও আছে, যার মধ্যে রয়েছে একটি গ্রন্থাগার, একটি শারীরক্রীড়াঙ্গন এবং একটি জলপান গৃহ।

P.S. 11-এর সংযোজন ভবন নির্মাণের শেষের দুটি বছর P.S. 11-এর শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির শিক্ষার্থীদের সাময়িকভাবে স্থান দেওয়ার জন্য পর্যাপ্ত স্থান Q339-এ রয়েছে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, DOE-এর পরিকল্পনা অনুযায়ী P.S. 11 Q339 ভবনে 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে আনুমানিক 230-270 জন করে শিক্ষার্থীদের শিক্ষাদান করবে। নিশান অনুসারে, দুটি বছরের জন্যই, P.S. 11-এর জন্য Q339 ভবনে মূলগত বরাদ্দ হিসেবে 13টি পূর্ণ-আয়তনের কক্ষ এবং 2.5 FSE পরিমাণ প্রশাসনিক স্থান বরাদ্দ করা হবে। এই সাময়িক পুনর্বাসের সময়কালে Q339 ভবনে P.S. 11-কে অন্তত তার মূলগত নিশান বরাদ্দ স্থানটুকু অবশ্যই দেওয়া হবে।

নিশান অনুসারে, এই প্রস্তাবের প্রথম বছর, 2015-2016 শিক্ষাবর্ষে, 30QTBD-কে মূলগত স্থান হিসেবে 4টি পূর্ণ-আয়তনের কক্ষ, 2টি অর্ধ-আয়তনের কক্ষ এবং 1.5 FSE পরিমাণ প্রশাসনিক স্থান বরাদ্দ করা হবে। 2016-2017 শিক্ষাবর্ষে, যখন 30QTBD শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষাদান করবে, তখন 30QTBD-কে মূলগত স্থান হিসেবে 8টি পূর্ণ-আয়তনের কক্ষ, 2টি অর্ধ-আয়তনের কক্ষ এবং 2.0 FSE পরিমাণ মনোনীত প্রশাসনিক স্থান বরাদ্দ করা হবে।

P.S. 11-এর সাময়িক সহাবস্থানের দুটি বছরে প্রতিটি বিদ্যালয়ের জন্য পূর্ণ-আয়তনের শ্রেণিকক্ষের মূলগত বা ফের-বদলকৃত মূলগত বরাদ্দের এক বছরের বিস্তারিত তথ্য নিচের তালিকায় দেওয়া হল:

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2013-2014 (বর্তমান)	2014-2015	2015-2016	2016-2017
30Q011	পি.এস. 11@Q339	--	--	13	13
30QTBD	30QTBD	--	--	4	8
	মোট	--	--	17	21
	পূর্ণ-আয়তনের শিক্ষাদান কক্ষের মূলগত বা ফের-বদলকৃত মূলগত বরাদ্দের অতিরিক্ত (অথবা কম) কক্ষগুলি	--	--	10	6

বিদ্যালয়গুলি প্রায়শই পূর্ণ-আয়তনের, অর্ধ-আয়তনের, এক-চতুর্থাংশ আয়তনের এবং মনোনীত প্রশাসনিক কক্ষগুলিকে প্রশাসনিক উদ্দেশ্যে কাজে লাগায়। অতএব, পূর্ণ-আয়তনের অতিরিক্ত কক্ষগুলির কয়েকটি প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য বরাদ্দ করা যেতে পারে। ভবনের অতিরিক্ত কক্ষগুলিকে ভবনের বিদ্যালয়গুলির মধ্যে ন্যায়সঙ্গত বন্টনের বিষয়টি ভবন পরিষদ নিম্নরূপে নির্ধারণ করবে। Q339 ভবনে P.S. 11 শিক্ষার্থীদের শিক্ষাদানের জন্য এবং 30QTBD-এ শ্রেণি সংযোজন চলাকালীন 30QTBD-এর সঙ্গে সহাবস্থানের সময়কালে পর্যাপ্ত স্থান থাকবে।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, স্থান সংকুলান দপ্তর সহাবস্থানরত প্রত্যেক বিদ্যালয়ের ভবন পরিষদের সঙ্গে বসে অতিরিক্ত স্থানগুলিকে ন্যায়সঙ্গত বরাদ্দের বিষয়টি সুনিশ্চিত করবে। ন্যায়সঙ্গত বরাদ্দের বিষয়টি নির্ণয়ের জন্য স্থান সংকুলান দপ্তর সহাবস্থানরত বিদ্যালয়গুলির ভর্তির তুলনামূলক সংখ্যা, শিক্ষাদান ও কার্যক্রমগত চাহিদাগুলি এবং ভবন-মধ্যস্থ অতিরিক্ত স্থানগুলির বাস্তবিক অবস্থান ইত্যাদির মতো বিষয়গুলিকে বিবেচনা করতে পারে। এর সঙ্গে, স্থান সংকুলান দপ্তর, প্রয়োজন বোধ করলে, স্বচ্ছন্দ্য স্থানান্তরণ সুনিশ্চিত করার জন্য Q171 এবং Q339 ভবনগুলিতে স্থিত বিদ্যালয়গুলির সঙ্গে বসে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির নিশান বরাদ্দের বাইরে ব্যবহৃত স্থানগুলি নিয়ে কাজ করবে। 30QTBD শ্রেণি সংযোজনের সময়কালে অতিরিক্ত কক্ষের সংখ্যা কমবে যেহেতু শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধির কারণে 30QTBD-এর নিশান বরাদ্দের সংখ্যা বাড়তে থাকবে।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, স্থান সংকুলান দপ্তর, বিদ্যালয় সুযোগ-সুবিধা বিভাগ এবং প্রতিনিধিদের নিয়ে গঠিত স্থানান্তরণ পরিকল্পনা কমিটি ও P.S. 11-এর কর্মচারিবৃন্দ P.S. 11 সমুদায়কে অবহিত রাখাতে এবং P.S. 11-এর শিক্ষার্থীদের অংশবিশেষকে 2014-2015 শিক্ষাবর্ষে Q171-এ এবং 2016-2017 শিক্ষাবর্ষে Q339-এ সাময়িক পুনর্বাসনের পরিকল্পনায় সাহায্য করার জন্য একযোগে কাজ করবে।

ভবনের সুরক্ষা এবং নিরাপত্তা

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, P.S. 11 এবং Q171 মিলিতভাবে Q171-এর জন্য সেপ্টেম্বর, 2014-এ বিদ্যালয় শুরুর প্রথম দিনের আগে একটি সুরক্ষা ও নিরাপত্তা পরিকল্পনা রচনা করবে। অধিকন্তু, P.S. 11 এবং 30QTBD মিলিতভাবে Q339-এর জন্য সেপ্টেম্বর,

2015-এ বিদ্যালয় শুরুর প্রথম দিনের আগে একটি সুরক্ষা ও নিরাপত্তা পরিকল্পনা রচনা করবে।

সুরক্ষা ও নিরাপত্তার জন্য DOE বিদ্যালয়গুলিকে নিম্নলিখিত সহায়তাগুলি প্রদান করে:

- সংস্থান নির্দেশ হিসেবে "একটি নিরাপদ ও সহায়ক বিদ্যালয় গড়ে তোলা ও তা বজায় রাখার সর্বোত্তম সম্পাদন মান" প্রদান করে;

- বিদ্যালয়ের ঘটনাবলী ও অপরাধ সংক্রান্ত তথ্যাবলী পর্যালোচনা করে ও নজরদারি রেখে (Criminal Justice Coordination এবং The New York City Police Department-এর সঙ্গে সংযোগ রেখে);
- ঘটনা ঘটলে বোরো নিরাপত্ত নির্দেশক মারফৎ প্রযুক্তিগত সহায়তা প্রদান করে;
- শিশুদের প্রথম নেটওয়ার্ক (CFN) সুরক্ষা সংযোগকে সহায়তা ও পেশাগত উন্নয়ন প্রদান করা;
- ভবন প্রতিক্রিয়া দলের জন্য পেশাগত উন্নয়ন ও সরঞ্জাম প্রদান করা; এবং
- বিদ্যালয় সুরক্ষা পরিকল্পনার বাত্সরিক প্রত্যয়ন ও নজরদারি করা।

C. সমুদায়

ক্ষুদ্র ভবনের অবসারণ ও সংযোজন নির্মাণের ফলে P.S. 11-এ শিক্ষাদানের জন্য স্থায়ী স্থান পাওয়া যাবে।

P.S. 11-এর শিক্ষার্থীদের একাংশের পুনর্বাসন ও সাময়িক সহাবস্থানের প্রস্তাবের উদ্দেশ্যে হচ্ছে P.S. 11-এর জন্য অতিরিক্ত স্থান প্রদান করা যাতে করে সংযোজনটির নির্মাণকার্য চলাকালীন এটি তার বর্তমান শিক্ষার্থীদের শিক্ষাদান করে যেতে পারে এবং সেই সঙ্গে নতুন শিক্ষার্থীদের ভর্তি নিয়ে যেতে পারে। এই প্রস্তাবটি P.S. 11-এর শিক্ষার্থীদের একাংশকে এমন একটি ভবনে সাময়িকভাবে শিক্ষাদানের জন্য পাঠাবে যেখানে অতিরিক্ত স্থান রয়েছে এবং ক্ষুদ্র ভবনটি ভেঙ্গে ফেলার জন্য যে স্থান হারাবে তা পূরণের জন্য নতুন ভবন নির্মাণও করা হবে এবং ফলত জিলা থেকে প্রাথমিকে শিক্ষার্থী ভর্তির সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

এই প্রস্তাবটির ফলে সমুদায় সদস্য ও সংগঠনগুলির Q171 ভবন ব্যবহার করার অনুমতি পেতে কোন অসুবিধা হবে এমনটি প্রত্যাশিত নয়। এই প্রস্তাবের ফলে Q171 অথবা Q339 ভবনে প্রবেশের ক্ষেত্রে কোন সমস্যা হতে পারে এমনটি প্রত্যাশিত নয়।

Q171 অথবা Q339 ভবনগুলির বর্তমানে আর কোনরকম প্রস্তাবিত ব্যবহার নেই।

IV. নথিভুক্তকরণ, ভর্তি এবং বিদ্যালয়ের অবদান সংক্রান্ত তথ্যাবলী

পি.এস. 11

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	**K-6: অঞ্চলহিসাবে ভাগ করে নেওয়া হয়েছে**
P.S. 11-এর প্রস্তাবিত সহাবস্থানের পরবর্তীতে ভর্তি প্রক্রিয়া	**K-6: অঞ্চলহিসাবে ভাগ করে নেওয়া হয়েছে**

ভর্তি সংক্রান্ত উপাত্ত[21]

Q171-এ P.S. 11

	মোট নথিভুক্তকরণ
2013-2014 (অনিরীক্ষিত)	-
2014-2015 (পূর্বানুমান)	230-270

Q339 -এ P.S. 11

	মোট নথিভুক্তকরণ
2013-2014 (অনিরীক্ষিত)	-
2014-2015 (পূর্বানুমান)	-
2015-2016 (পূর্বানুমান)	230-270
2016-2017 (পূর্বানুমান)	230-270

জনসংখ্যাবিষয়ক উপাত্ত[22,23]

আইসিটি বা এসসি পরিষেবাসমূহ পাচ্ছে এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	9%
বিশিষ্ট শিক্ষা কার্যক্রম-এর অন্তর্গত শিক্ষার্থীদের শতকরা হার	15%
ইংরেজি ভাষাশিক্ষার্থীদের শতকরা হার	25%
বিনামূল্যে বা কম মূল্য মধ্যাহ্নভোজন পাবার যোগ্য এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	51%

[21] P.S.11-এর শিশুবিদ্যালয় থেকে ষষ্ঠ শ্রেণিগুলির শিক্ষার্থীদের 2013-2014 শিক্ষাবর্ষে Q011 ভবনে শিক্ষাদান করা হচ্ছে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, 2014-2015, 2015-2016 এবং 2016-217 শিক্ষাবর্ষগুলিতে P.S. 11-এর শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির শিক্ষার্থীদের একাংশ এবং দ্বিতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত সমস্ত শিক্ষার্থীদের Q011-এ শিক্ষাদান হবে, অথবা, বিকল্পরূপে, P.S. 11-এর প্রথম শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণিগুলির সমস্ত শিক্ষার্থীদের Q011 ভবনে শিক্ষাদান হবে। P.S. 11-এর শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির শিক্ষার্থীদের একাংশ অথবা এর শিশুবিদ্যালয়ের সমস্ত শিক্ষার্থীদের 2014-2015 শিক্ষাবর্ষে Q171 ভবনে এবং 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে Q339 ভবনে শিক্ষাদান করা হবে।

[22] সমস্ত সংখ্যাগুলি অনিরীক্ষিত রেজিস্টার 2013-2014 থেকে মোট শিক্ষার্থীর শতকরা মান হিসেবে নেওয়া হয়েছে।

[23] সংখ্যাগুলি সমস্ত P.S. 11-এর শিক্ষার্থীদের নির্দেশ করছে, এবং সেগুলি সেই সমস্ত শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব না-ও করতে পারে যাদের Q171 বা Q339 ভবনে শিক্ষাদান করা হবে।

বিদ্যালয়ের অবদানগত উপাত্ত[24]

P.S. 011 Kathryn Phelan	2010-2011	2011-2012	2012-2013
বিদ্যালয়ের অবদান ও অগ্রগতি			
সার্বিক অগ্রগতি পত্রের মান	A	A	B
উত্কর্ষতা পরিদর্শনে প্রাপ্ত মান[25]	P	এন/এ[26]	এন/এ
অবদানগত উপাত্ত			
ইংরেজি ভাষা শিক্ষার দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	62%	62%	34%
গণিতে দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	73%	78%	42%
অন্যান্য মূলগত অবদান নির্দেশক			
উপস্থিতির হার	96%	96%	95%
2013-2014 রাজ্যের দায়বদ্ধতার অবস্থা	উত্কৃষ্ট অবস্থায়[27]		

পি.এস. 171

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	**PK: প্রাক-শিশুবিদ্যালয় ভর্তির প্রমাণ বিশ্বজনীন প্রক্রিয়া**
P.S. 11-এর প্রস্তাবিত সহাবস্থানের পরবর্তীতে ভর্তি	**PK: প্রাক-শিশুবিদ্যালয় ভর্তির প্রমাণ বিশ্বজনীন প্রক্রিয়া** **K-5: অঞ্চলহিসাবে ভাগ করে নেওয়া হয়েছে**

[24] বিদ্যালয়ের অবদানগত উপাত্ত P.S. 11-এর সমস্ত শিক্ষার্থীদের নির্দেশ করছে, এবং এগুলি সেই সমস্ত শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব না-ও করতে পারে যাদের
Q171 বা Q339 ভবনে শিক্ষাদান করা হবে।

[25] উত্কর্ষতার পর্যালোচনা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য দয়া করে DOE-এর ওয়েবসাইটটি দেখুন http://schools.nyc.gov/Accountability/tools/review.

[26] সমস্ত বিদ্যালয়গুলিতেই প্রতিবছর উত্কর্ষতা পরিদর্শন করা হয় না।

[27] এই অবস্থা নিউ ইয়র্ক রাজ্যের কোন শিশুই পিছিয় নেই আইনের দাবিত্যাগের অধীনে এসইডি দ্বারা নির্ধারিত হয়। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে SED ওয়েবসাইটটি দেখুন http://www.p12.nysed.gov/accountability/ESEADesignations.html।

ভর্তি সংক্রান্ত উপাত্ত[28]

	PK[29]	গ্রেড KG	গ্রেড 1	গ্রেড 2	গ্রেড 3	গ্রেড 4	গ্রেড 5	মোট নথিভুক্তকরণ
2013-2014 (অনিরীক্ষিত)	44	92	95	88	81	90	75	565
2014-2015 (পূর্বানুমান)	54	85-95	85-95	90-100	85-95	75-85	85-95	560-620

জনসংখ্যাবিষয়ক উপাত্ত[30]

আইসিটি বা এসসি পরিষেবাসমূহ পাচ্ছে এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	12%
বিশিষ্ট শিক্ষা কার্যক্রম-এর অন্তর্গত শিক্ষার্থীদের শতকরা হার	16%
ইংরেজি ভাষাশিক্ষার্থীদের শতকরা হার	14%
বিনামূল্যে বা কম মূল্য মধ্যাহ্নভোজন পাবার যোগ্য এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	87%

বিদ্যালয়ের অবদানগত উপাত্ত

পি.এস. 171 Peter G. Van Alst	2010-2011	2011-2012	2012-2013
বিদ্যালয়ের অবদান ও অগ্রগতি			
সার্বিক অগ্রগতি পত্রের মান	B	C	C
উত্কর্ষতা পরিদর্শনে প্রাপ্ত মান[31]	এন/এ[32]	P	এন/এ
অবদানগত উপাত্ত			
ইংরেজি ভাষা শিক্ষার দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	40%	42%	22%
গণিতে দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	52%	57%	22%
অন্যান্য মূলগত অবদান নির্দেশক			
উপস্থিতির হার	93%	93%	91%
2013-2014 রাজ্যের দায়বদ্ধতার অবস্থা	উত্কৃষ্ট অবস্থায়[33]		

[28] সমস্ত পরিসংখ্যানগুলি 2013-2014 শিক্ষাবর্ষের অনিরীক্ষিত রেজিস্টার থেকে নেওয়া হয়েছে।

[29] প্রাক-শিশুবিদ্যালয় (PK) হল এমন একটি কার্যক্রম যেটি পূর্ণদিবস ও অর্ধদিবস দু-ভাবেই প্রদান করা যায়;পূর্বানুমান সংখ্যাগুলি পূর্ণদিবস সমতুল্যতাকে নির্দেশ করছে।

[30] সমস্ত সংখ্যাগুলি অনিরীক্ষিত রেজিস্টার 2013-2014 থেকে মোট শিক্ষার্থীর শতকরা মান হিসেবে নেওয়া হয়েছে।

[31] উত্কর্ষতার পর্যালোচনা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য দয়া করে DOE-এর ওয়েবসাইটটি দেখুন http://schools.nyc.gov/Accountability/tools/review.

[32] সমস্ত বিদ্যালয়গুলিতেই প্রতিবছর উত্কর্ষতা পরিদর্শন করা হয় না।

[33] এই অবস্থা নিউ ইয়র্ক রাজ্যের কোন শিশুই পিছিয় নেই আইনের দাবিত্যাগের অধীনে এসইডি দ্বারা নির্ধারিত হয়। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে SED ওয়েবসাইটটি দেখুন http://www.p12.nysed.gov/accountability/ESEADesignations.html।

30QTBD

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	TBD
P.S. 11-এর প্রস্তাবিত সহাবস্থানের পরবর্তীতে 11	TBD

ভর্তি সংক্রান্ত উপাত্ত[34]

	গ্রেড KG	গ্রেড 1	মোট নথিভুক্তকরণ
2013-2014 (অনিরীক্ষিত)	-	-	-
2014-2015 (পূর্বানুমান)	-	-	-
2015-2016 (পূর্বানুমান)	80-90	-	80-90
2016-2017 (পূর্বানুমান)	80-90	80-90	160-180

জনসংখ্যাবিষয়ক উপাত্ত

সেপ্টেম্বর, 2015 থেকে চালু হবে বলে অনুমান করা হচ্ছে এমন নতুন বিদ্যালয়গুলির জনতাত্ত্বিক উপাত্ত উক্ত বছরের নভেম্বর মাসে অনিরীক্ষিত রেজিস্টার উপাত্ত প্রকাশ না হওয়া পর্যন্ত পাওয়া যাবে না।

বিদ্যালয়ের অবদানগত উপাত্ত

30QTBD বিদ্যালয়টি সেপ্টেম্বর, 2015 থেকে চালু হবে বলে অনুমান করা হচ্ছে, এবং তাই, এই বিদ্যালয়ের কোন অবদানগত উপাত্ত উপলব্ধ নেই।

V. বাজেট ও শিক্ষাদান সংক্রান্ত ব্যয়ে প্রারম্ভিক প্রভাব

P.S. 11-এর শিক্ষার্থীদের পরিকল্পিত অংশকে 2014-2015-এ Q171 ভবনে, 2015-2016-এ Q339 ভবনে এবং 2018-2019-এ Q011 ভবনে সাময়িকভাবে স্থানান্তরিত করার জন্য আনুমানিক ব্যয় প্রতি পুনর্বাসন বাবদ $52,731করে হিসেব করা হয়েছে। সমস্ত বিদ্যমান সরঞ্জাম ও আসবাবপত্রগুলিকে প্রতিটি ভবন থেকে অন্যত্র স্থানান্তরিত করার জন্য উদ্ভুত ব্যয়ও এই ব্যয়ের অন্তর্ভুক্ত।[35] DOE-এর উল্লেখ অনুযায়ী এই পুনর্বাসনজনিত ব্যয় 2015-2016 বা 2018-2019 শিক্ষাবর্ষে গিয়ে পরিবর্তিত হতে পারে।

বিদ্যালয়গুলির বাজেট বরাদ্দের বেশিরভাগই শিক্ষার্থী পিছু হয়ে থাকে, যার ভিত্তি হচ্ছে বর্তমান ভাগ মাথাপিছু বরাদ্দ স্তরের ন্যায্য শিক্ষার্থী অর্থসহায়তা ("FSF")। অক্ষমতাযুক্ত, ELL, এবং অন্যান্য পরিপূরক শিক্ষাগত চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীরা থাকলে সেই সমস্ত বিদ্যালয়গুলি কিছু অতিরিক্ত অর্থসাহায্য পেয়ে থাকে।

[34] সমস্ত পূর্বানুমানগুলি সাধারণ শিক্ষা বা ICT বিভাগ এবং প্রতি প্রবেশ শ্রেণিতে প্রথম বছর একটি স্বয়সম্পূর্ণ বিভাগ সংযোজন পরিকল্পনার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

[35] স্থান পরিকল্পনা অফিসের থেকে উপলব্ধ প্রতি ছাত্রের পুনঃউপবেশনের গড় খরচের উপর ভিত্তি করে।

শিক্ষাদানের খরচ এবং 30QTBD শ্রেণি সংযোজনের সাথে সাথে হওয়া রেজিস্টারের পরিবর্তনের কারণে কীভাবে FSF অর্থসহায়তা এবং বিদ্যালয়ের অন্যান্য বরাদ্দগুলির পরিবর্তন প্রভাবিত হবে সে সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য FSF নির্দেশিকা [36]এবং FY14-এর বিদ্যালয় বরাদ্দ সংক্রান্ত স্মারকপত্রটি দেখুন[37]। কর্মী পরিবর্তনের বিষয়টি চুক্তি ও বাধ্যতামূলক সীমারেখার মধ্যে বিদ্যালয়গুলির নিজের নিজের স্বেচ্ছাধীন বিবেচনার উপর নির্ভরশীল।

যদি এই প্রস্তাব একটি অতিরিক্ত প্রশাসনিক স্থান অথবা কার্যে ব্যবহারের জন্য একটি প্রয়োজন সৃষ্টি করে তাহলে কথা বলা ও ডাটা লাইনের খরচ DOE দ্বারা সম্পূর্ণভাবে পরিশোধযোগ্য। এই বন্টন স্পেস প্ল্যানিং অফিসের অনুমোদন সাপেক্ষে।

এই প্রস্তাবের ফলে Q171 ভবনে Q171-এর অথবা Q339 ভবনে 30QTBD-এর বাজেট বা শিক্ষা খাতে ব্যয়ে কোনরকম প্রভাব ফেলবে এমনটি প্রত্যাশিত নয়।

VI. কর্মীর প্রয়োজনীয়তা, প্রশাসন, পরিবহন এবং অন্যান্য সহায়তা পরিষেবাসমূহের উপর প্রভাব

A. কর্মীর প্রয়োজনীয়তা

এই প্রস্তাবিত সাময়িক সহবস্থান এবং পুনর্বাসনের কারণে P.S. 11-এ নিযুক্ত কর্মীদের সংখ্যায় কোন পরিবর্তন আসবে বা বর্তমান কর্মীদের দায়িত্বে উল্লেখযোগ্য কোন পরিবর্তন আসবে এমনটি প্রত্যাশিত নয়। P.S. 11-এর শিশুবিদ্যালয় এবং/অথবা প্রথম শ্রেণির জন্য প্রয়োজনীয় শিক্ষক/শিক্ষিকাগণ তাঁদের বর্তমান অর্পিত দায়িত্বই পালন করবেন, কিন্তু 2014-2015 শিক্ষাবর্ষে তাঁদের Q171 ভবনে উপস্থিত হতে হবে এবং P.S. 11-এর শিশুবিদ্যালয় এবং/অথবা প্রথম শ্রেণির শিক্ষক/শিক্ষিকাগণ তাঁদের বর্তমান অর্পিত দায়িত্বই পালন করবেন, কিন্তু 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলিতে তাঁদের Q339 ভবনে উপস্থিত হতে হবে, Q011 ভবনে নয়। যদি এমনটি হয় যে, Q171-এ বা Q339 ভবনে পুনর্বাসিত কোন একজন P.S. 11 শিক্ষার্থীর বিশেষ পরিষেবার প্রয়োজন হল, সেক্ষেত্রে উক্ত পরিষেবা প্রদানকারী শিক্ষার্থীর বাধ্যবাধকতা পূরণের এই প্রস্তাবটি বাস্তবায়নের প্রথম বছরে Q011 থেকে Q171 ভবনে গমন করবেন এবং পরবর্তী দুটি বছরে Q339 ভবনে গমন করবেন। অতিরিক্ত কর্মচারিরা উভয় ভবনেই কাজ করতে পারেন, এবং P.S. 11-এর পরিচালকবর্গ এবং কর্মচারিগণ তাদের জন্য উপযুক্ত কার্যক্রম তৈরির কাজে নিযুক্ত থাকবেন।

এই প্রস্তাবের দরুন Q171 বা 30QTBD-এর কর্মীদের উপর কোনরূপ প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়।

B. প্রশাসন

এই প্রস্তাবের ফলস্বরূপ P.S. 11-এর তত্ত্বাবধানমূলক বা প্রশাসনিক পদগুলিতে কোনরূপ পরিবর্তন আসবে এমনটি প্রত্যাশিত নয়। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, P.S. 11-এর প্রশাসনকে দুটি স্থানের ক্লাস পরিচালনার উপর তদারকি করতে হবে।

এই প্রস্তাবের দরুন Q171 বা 30QTBD-এর প্রশাসনে কোনরূপ প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়।

C. পরিবহন

[36] FSF নির্দেশিকা এখানে উপলব্ধঃ http://schools.nyc.gov/offices/d_chanc_oper/budget/dbor/allocationmemo/fy13_14/FY14_PDF/sam01_1c.pdf

[37] FY14-এর জন্য স্কুলের বরাদ্দের স্মারকলিপি এখানে পাওয়া যাবেঃ http://schools.nyc.gov/offices/d_chanc_oper/budget/dbor/allocationmemo/fy13_14/FY14_PDF/sam21.pdf

যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, পি.এস. এই প্রস্তাবটি অনুমোদিত হলে, P.S. 11 2014-2015 শিক্ষাবর্ষের জন্য তার শিশুবিদ্যালয় ও প্রথম শ্রেণির শিক্ষার্থীদের একাংশকে অথবা গোটা শিশুবিদ্যালয়ের শিক্ষার্থীদের এর বর্তমান স্থান থেকে আনুমানিক 2.5 মাইল তফাতে এবং 2015-2016 এবং 2016-2017 শিক্ষাবর্ষগুলির জন্য আনুমানিক 0.3 মাইল তফাতে সরিয়ে নিয়ে যাবে। এর পরিণামস্বরূপ, বিগত বছরগুলির তুলনায় উক্ত বছরগুলিতে P.S. 11-এর বাস পরিষেবা পাওয়ার যোগ্য শিক্ষার্থীদের সংখ্যায় পরিবর্তন আসতে পারে। পি.এস. P.S. 11-এর যে সমস্ত শিক্ষার্থীরা Q171 এবং Q339 ভবনগুলিতে গমন করবে, তাদের জন্য আচার্যের নিয়ামবলী A-801 অনুসারে পরিবহন ব্যবস্থা প্রদান করা হবে: http://schools.nyc.gov/NR/rdonlyres/21A1B11A-886B-4F74-9546-E875EE82A14C/40303/A801.pdf.

এই প্রস্তাবের ফলে Q171 বা 30QTBD-এর পরিবহন সংক্রান্ত নির্ঘন্টগুলিতে কোনরূপ প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়।

D. অন্যান্য সহায়তা পরিষেবাদি

উপরে নির্দিষ্ট কিছু সহায়তা পরিষেবার উল্লেখ করা হয়েছে এবং এগুলির কোনটিই এই প্রস্তাবের কারণে প্রভাবিত হবে না। অন্যান্য সহায়তামূলক পরিষেবা শহরব্যাপী নীতির সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে উপলব্ধ করা হবে।

VII. ভবন সংক্রান্ত তথ্যাবলী

ভবন		Q171
ভবনের ধরন		পিএস
নির্মাণের বছর		1952
বিসিএস-এর সার্বিক মূল্যাঙ্কন		2.59
2012-2013-এর অভীষ্ট ভবন সদ্ব্যবহার		70%
2012-2013-এর ভবনের অভীষ্ট ধারণক্ষমতা		854
FY 2012 রক্ষণাবেক্ষণের খরচ	**শ্রম**	$12,314
	উপাদান	$3,786
	রক্ষণাবেক্ষণ ও মেরামতি ঠিকা	$11,752
	পরিষেবাসংক্রান্ত ঠিকা	$4,980
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় - উপাদান	$6,364
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় - অভিরক্ষাজনিত বরাদ্দ	$238,713
FY 2012 শক্তির খরচ	**বিদ্যুৎ**	$110,722
	গ্যাস	$682
	বাষ্প	এন/এ
	তেল	$111,670
বর্তমান বা পূর্ববর্তী শিক্ষাবর্ষে সম্পূর্ণ হওয়া প্রকল্পসমূহ		Ext ইমারত/প্রাচীর, FY13 Reso একটি প্রযুক্তিবিদ্যা, আপত্কালীন সুরক্ষা ব্যবস্থা – হারিকেন স্যান্ডি

মূল পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্পসমূহ	কিছুই না
ভবনের সুগম্যতা	অভিগম্যতা বিহীন
ভবনের বিশেষতা	প্রেক্ষাগৃহ, জলপান গৃহ, কম্পিউটার কক্ষ, শারীরক্রীড়াঙ্গন, গ্রন্থাগার, সেবিকার দপ্তর

ভবন		Q339[38]
ভবনের ধরন		পিএস
নির্মাণের বছর		2015[39]
বিসিএস-এর সার্বিক মূল্যাঙ্কন		এন/এ
আনুমানিক সদ্ব্যবহার 2015-2016[40]		80%
পরিকল্পিত ধারণক্ষমতা 2012-2013		472
FY 2012 রক্ষণাবেক্ষণের খরচ	**শ্রম**	এন/এ
	উপাদান	এন/এ
	রক্ষণাবেক্ষণ ও মেরামতি ঠিকা	এন/এ
	পরিষেবাসংক্রান্ত ঠিকা	এন/এ
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় - উপাদান	এন/এ
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় - অভিরক্ষাজনিত বরাদ্দ	এন/এ
FY 2012 শক্তির খরচ	**বিদ্যুৎ**	এন/এ
	গ্যাস	এন/এ
	বাষ্প	এন/এ
	তেল	এন/এ
বর্তমান বা পূর্ববর্তী শিক্ষাবর্ষে সম্পূর্ণ হওয়া প্রকল্পসমূহ		এন/এ

[38] Q339 2015-2016 শিক্ষাবর্ষের আগে চালু হবে এমনটি প্রত্যাশিত নয়; তাই, এর অভীষ্ট ভবন সদ্ব্যবহার এবং ধারণক্ষমতা সংক্রান্ত উপাত্ত 2012-2013 নীল বইয়ে অন্তর্ভুক্ত কার হয়নি এবং এর FY 2012-এর রক্ষণাবেক্ষণ এবং শক্তির ব্যবহারজনিত ব্যয়ও উপলব্ধ নেই।

[39] বর্তমানে নির্মাণরত Q339 2015-2016 শিক্ষাবর্ষে চালু হবে এমনটি প্রত্যাশিত।

[40] এই প্রস্তাবের PEP অনুমোদন অমীমাংসিত

মূল পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্পসমূহ	কিছুই না
ভবনের সুগম্যতা	সম্পূর্ণরূপে অধিগম্য
ভবনের বিশেষতা	এন/এ